ভারতে সন্ত্রাসবাদ

স্যার চার্লস টেগার্ট

অনুবাদ ও সম্পাদনা
নন্দ মুখোপাধ্যায়

বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
১৯, শ্যামাচরণ দে স্ট্রীট
কলিকাতা-৭০০০১২

শ্রীসৌরেন মুখোপাধ্যায়কে

এই লেখকের অন্যান্য গ্রন্থ

Netaji Through German Lens

জার্মানীর চোখে নেতাজী

বিবেকানন্দের আলোয় সুভাষ

Vivekananda's Influence On Subhas

Subhas Chandra Bose : The British Press, Intelligence and Parliament

Sri Ramakrishna in the eyes of Brahma and Christian Admirers (Edited)

Sri Sarada Devi—Consort of Sri Ramakrishna (Edited)

Sri Ramakrishna : His Life and Sayings—Max Mueller (Edited)

Keshub Chunder Sen—Max Mueller (Edited)

I Point To India—Max Mueller (Edited)

মুখবন্ধ

১লা নভেম্বর ১৯৩২ সালে স্যার চার্লস টেগার্ট, সি. এস. আই., সি. আই. ই., এম. ভি. ও., লণ্ডনের রয়াল এম্পায়ার সোসাইটির আমন্ত্রণে "ভারতে সন্ত্রাসবাদ" (Terrorism in India) এই শিরোনামায় যে বক্তৃতা দেন বর্তমান বইটি তার অনুবাদ। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্যার ষ্ট্যানলি জ্যাকসন যিনি বাংলার গভর্ণর ছিলেন।

স্যার চার্লস টেগার্ট ভারতীয় পুলিশ সার্ভিসে ১৯০১ সালে যোগ দেন এবং প্রায় নিরবচ্ছিন্নভাবে তিরিশ বছর এই বাহিনীতে ছিলেন। শেষ আট বছর তিনি কলকাতার পুলিশ কমিশনার ছিলেন। এরপর তিনি Secretary of State's Indian Council-এর সদস্য নিযুক্ত হন।

ভারতের স্বাধীনতা সংগ্রামে যাঁরা সশস্ত্র বিপ্লবের পথ অনুসরণ করেছিলেন তাঁরা বৃটিশ শাসকদের দৃষ্টিতে ছিলেন সন্ত্রাসবাদী এবং তাঁদের উদ্দেশ্য সম্পর্কে গোয়েন্দা রিপোর্টে বলা হয়—"Terrorism as distinct from other revolutionary methods, such as Communism or the Ghadr Movement, may be said to denote the commission of outrages of a comparatively individual in nature. That is to say the terrorist holds the belief that Indian independence can best be brought about by a series of revolutionary outrages calculated to instil fear into the British official classes and to drive them out of India. He commits other outrages for the purpose of arms, for the making of Bombs and for the maintenance, of his party, hoping that the masses will be drawn to his support either by fear or admiration" (Terrorism in India, p.1—A Secret Publication of the Intelligence Bureau, Home Deptt., Govt. of India, 1937, Simla)

স্যার চার্লস টেগার্ট ছিলেন ইংরেজ সাম্রাজ্যবাদের একান্ত অনুগত কর্মচারী। সুতরাং যে বিপ্লবীদের কর্মতৎপরতায়, স্যার টেগার্ট-এর কথায়, "সরকারী যন্ত্র অচল হবার মত বিপদের সম্মুখীন হয়েছিল" তাঁদের প্রতি তাঁর কোন শ্রদ্ধা ও সহানুভূতি ছিল না। স্বাভাবিকভাবেই তাঁর দৃষ্টিতে বিপ্লবীরা ছিলেন বিবেকহীন ও নিষ্ঠুর হত্যাকারী—বিশৃঙ্খলা ও অরাজকতা সৃষ্টি করাই ছিল তাঁদের উদ্দেশ্য। বিপ্লবীদের গভীর দেশপ্রেম ও আত্মত্যাগ তাঁর প্রশংসা অর্জন করেছিল এমন ধারণা করার মত কোন উক্তি এই বক্তৃতায় খুঁজে পাওয়া যায় না। তাঁর মতে সন্ত্রাসবাদীরা ঘৃণা ও বিদ্বেষের বিষ ছড়িয়ে ছাত্র ও যুব সমাজের প্রভূত ক্ষতিসাধন করেছে এবং জনসাধারণকে ভীত ও সন্ত্রস্ত করে তুলেছে। সুতরাং এই "খুনীর দল"কে দমন করাই তাঁর প্রধান কাজ বলে তিনি গণ্য করেন এবং ইংরেজ সরকারের নিপীড়ণ ও প্রচার যন্ত্রের সাহায্যে তিনি তাঁর উদ্দেশ্য সাধনে বিশেষ সফলতা অর্জন করেন।

প্রশ্ন উঠতে পারে কুখ্যাত স্যার চার্লস টেগার্টের এই বক্তৃতা প্রকাশের প্রয়োজন কি? উত্তরে বলা যায় যে, যাঁরা ভবিষ্যতে ভারতের স্বাধীনতা সংগ্রামে এই উপেক্ষিত অথচ গৌরবোজ্জ্বল অধ্যায় নিয়ে আরও ব্যাপকভাবে গবেষণা করবেন তাঁদের সব তথ্যই জানা প্রয়োজন হবে। আমরা এ যাবৎ বিপ্লবীদের স্মৃতিচারণ পড়েছি। এঁদের প্রতি শ্রদ্ধা জানিয়েও একথা সম্ভবত বলা যায় যে এই রচনাগুলির মধ্যে যতটা ভাবপ্রবণতা রয়েছে ততটা ঐতিহাসিক দৃষ্টিভঙ্গী নেই। তথ্যগত বিভ্রান্তিও কোন কোন ক্ষেত্রে বর্তমান। এর অর্থ এই নয় যে সরকারী তথ্য নির্ভুল বরং সেখানেও অনেক ক্ষেত্রে বিকৃতি ঘটা স্বাভাবিক। তবু এই তথ্য জানার প্রয়োজনীয়তা অস্বীকার করা যায় না এবং সংগ্রাম যাদের বিরুদ্ধে তাদের কি দৃষ্টিভঙ্গী ছিল সেটা জানারও দরকার আছে।

ইতিহাসের দিক থেকে এই বক্তৃতাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ টেগার্ট সাহেব পরোক্ষভাবে স্বীকার করেছেন যে গান্ধীজীর নেতৃত্বে অহিংস-অসহযোগ ও আইন-অমান্য আন্দোলন নয়, বিপ্লবীরাই পরাক্রান্ত ইংরেজ শাসকের রাতের ঘুম কেড়ে নিয়েছিল ও তাঁদের মনে

ত্রাস ও আতঙ্কের সৃষ্টি করে। স্বাধীনতা সংগ্রামে বিপ্লবীদের বিরাট অবদান পরোক্ষভাবে এই বক্তৃতায় স্বীকৃত। এই তরুণ বিপ্লবীদের দমন করতে ইংরেজ সরকার সর্বশক্তি প্রয়োগ করেও যে হিমসিম খেয়েছিল সে ইতিহাসও এই নাতিদীর্ঘ বক্তৃতায় স্পষ্টভাবে প্রকাশ পেয়েছে।

গান্ধীজী পরিচালিত আন্দোলনের যে দুর্বলতার কথা তিনি উল্লেখ করেছেন তার সঙ্গে Sir Richard Tottenhem-এর মন্তব্যের বেশ মিল লক্ষণীয়। Sir Tottenhem, Additionl Secretary, Home, Govt. of India, তাঁর পুস্তিকা, Has Congress Failed (1918-1938)-এ গান্ধীজী সম্পর্কে প্রশ্ন রাখেন—"Is it, or is it not a fact that none of the efforts of Mr. Gandhi and his followers has ever been successful or led to any tangible result except turmoil, disorder, violence and suffering ?...Has Mr. Gandhi ever carried to completion any task to which he has set his hand ? Has he not taken everyone of these projects to a certain point and left them unfinished ?"

যে-ভাবেই হোক সাম্রাজ্যবাদের প্রতিনিধি হিসেবে বিপ্লব আন্দোলন দমনে স্যার চার্লস টেগার্টের গুরুত্বপূর্ণ ভূমিকা অনস্বীকার্য। কিন্তু তিনি এই বক্তৃতার কোথাও এই কৃতিত্বের দাবী করেন নি। বরং পুলিশ বাহিনীর ভারতীয় কর্মচারীদের ত্যাগ, সাহসিকতা ও আনুগত্যের ভূয়সী প্রশংসা করেছেন।

তাঁর বক্তৃতায় বাঙালী জাতির চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কে যে মন্তব্য তিনি করেছেন সেটা বিতর্কের বিষয় হলেও একেবারে অসত্য বা অবাস্তব বলে উড়িয়ে দেওয়া বোধ হয় সম্ভব নয়।

বক্তৃতাটিতে যে সমস্ত ঘটনার ভাসা-ভাসা উল্লেখ রয়েছে 'অল্প কথায় তার বিবরণ যথা সম্ভব দিয়েছি যাতে প্রাসঙ্গিকতা বোঝা যায়। এ'ছাড়া গুরুত্বপূর্ণ ঘটনা ও তথ্য তদানীন্তন গোয়েন্দা বিভাগের গোপন প্রকাশনায়, সরকারী নথিপত্রে ও চিঠিতে যে-ভাবে লিপিবদ্ধ

করা হয়েছে তার কিছু বাংলা ও ইংরেজী পরিশিষ্টে দেওয়া হয়েছে সাধারণ পাঠক ও ভবিষ্যত গবেষকদের সুবিধার্থে।

অনবধনতাবশতঃ তথ্যগত কোন ভুল থেকে যেতে পারে। পাঠক-সমাজের কাছে অনুরোধ এরকম কোন ত্রুটি তাঁদের নজরে পড়লে বিনা দ্বিধায় যেন তাঁরা আমাকে জানান এবং কৃতজ্ঞতার সঙ্গে তা স্বীকার করবো। কয়েকটি ছাপার ভুল থাকায় আন্তরিক দুঃখিত।

এই প্রকাশনা সম্ভব হওয়ার জন্য আমি লণ্ডনের রয়াল এম্পায়ার সোসাইটির কর্তৃপক্ষের কাছে আন্তরিকভাবে ঋণী। ইণ্ডিয়া অফিস রেকর্ড থেকে সংগ্রহ করা তথ্য ব্যবহার করার অনুমতি দিয়ে Controller of Her Majesty's Stationery Office আমাকে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করেছেন।

ইণ্ডিয়া অফিস লাইব্রেরী এবং রেকর্ডের ডাইরেক্টর, মিঃ বি. সি. ব্লুমফিল্ড (Mr. B. C. Bloomfield) এবং ঐ প্রতিষ্ঠানের শ্রীমতী প্রতিভা বিশ্বাস ও অন্যান্য কর্মচারীদের আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি কারণ তাঁদের সহৃদয় এবং অকপট সাহায্য ছাড়া এই বই-এর প্রকাশ সম্ভব হ'ত না।

রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট্ অব কালচার, গোল পার্কের বরুণ মহারাজ ও শঙ্কর মহারাজ আমাকে নানাভাবে সাহায্য করেছেন। তাঁদের কাছে আমি কৃতজ্ঞ।

যাঁরা আমাকে সর্বদা উৎসাহ দিয়ে থাকেন তাঁদের মধ্যে আছেন ডঃ সুব্রত গুপ্ত, ডঃ অমর পাল, ডঃ সুকুমার আচার্য, শ্রীমতী সিগ্‌লিণ্ডে-মুখার্জী (ভিলবার্জ), সর্বশ্রী সুব্রত গাঙ্গুলী, সুপ্রিয় বন্দোপাধ্যায়, তপন চট্টোপাধ্যায়, দেবেন চট্টোপাধ্যায়, অমল সেনগুপ্ত, অসীম রঞ্জন কর, ডি. এন. বক্সী ও শিবাজী গাঙ্গুলী।

ভারতের পরাধীনতা মোচনে বিপ্লবীদের মহান অবদানের কথা আমি বিশদভাবে জানতে পারি আমার দুই অগ্রজ শ্রীসৌরেন মুখোপাধ্যায় ও প্রয়াত সঙ্গীত-শিল্পী ও সুরকার শৈলেন মুখোপাধ্যায়ের কাছে। তাঁদের কাছে আমি চিরকৃতজ্ঞ।

১লা বৈশাখ — নন্দ মুখোপাধ্যায়

১৩৯০

ভারতে সন্ত্রাসবাদ

ভারতে সন্ত্রাসবাদী অপরাধ, এর উৎপত্তি ও বিস্তার এবং এর মোকাবিলায় যে ব্যবস্থা নেওয়া হয়েছে সে সম্পর্কে আমি অল্প কথায় আপনাদের কিছু বলার চেষ্টা করছি। ইতিহাসের একটা ধারাবাহিকতা আছে, সেজন্য আজকের অবস্থা উপলব্ধি করতে হ'লে এই আন্দোলনের গোড়ার অবস্থা সম্বন্ধে কিছু জানা আবশ্যক। সন্ত্রাসবাদী আন্দোলন এবং আইন-অমান্য আন্দোলন সম্পর্কে ভুল ধারণা থাকুক এটা আমি চাই না। এই দুই আন্দোলনের মধ্যে মৌলিক পার্থক্য রয়েছে যদিও এদের দু'য়েরই উদ্দেশ্য সরকারকে অচল করা। আইন-অমান্য আন্দোলন পরিচালনা করে সবচেয়ে শক্তিশালী রাজনৈতিক প্রতিষ্ঠান কংগ্রেস। এই সর্ব ভারতীয় আন্দোলন অহিংসমূলক হোক এটাই এই আন্দোলনের স্রষ্টাদের অভিপ্রায়। এই আন্দোলন প্রচারমূলক— শোভাযাত্রা ও আইন-অমান্য ক'রে কাজে বাধা দানের ওপর নির্ভরশীল। এই আন্দোলনের অনুগামীরা অধিকাংশই অশিক্ষিত। সন্ত্রাসবাদের নেতারা আলাদা। যদিও আমি পরে দেখাবো, বাংলাদেশের কংগ্রেস সংগঠনে এদের অনুপ্রবেশ ঘটেছে। কর্মীরা সাধারণতঃ ছাত্র। সুখের বিষয় এই আন্দোলন সারা ভারতে ছড়িয়ে পড়েনি ; এর সফলতা গোপনীয়তার ওপর নির্ভরশীল ; এই সংগঠন গুপ্তভাবে কাজ করে ; এর কোন বাহ্যিক লক্ষণ দেখা যায় না। এর প্রকাশ আচম্বিতে এবং শিকারের ওপর আচমকা ঝাঁপিয়ে পড়ে, সম্ভব হ'লে পেছন থেকে এবং আবার অদৃশ্য হয়ে যায়। এই দুই আন্দোলনের মোকাবিলার জন্য জরুরি বিধি (অর্ডিনান্স) জারী ও সাধারণ আইনকে জোরদার করার প্রয়োজন বোধ হয়েছে। আইন-অমান্য আন্দোলনে যোগ দেওয়ায় সম্প্রতি সারা ভারতে কয়েক হাজার মানুষকে বন্দী করা হয়েছে। আদালতে প্রকাশ্য বিচারের পর

এদের সবাইকে দণ্ডাজ্ঞা দেওয়া হয়েছে এবং প্রচলিত সাধারণ আইনের সাহায্যেই এদের অর্ধেকেরও বেশী জনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া সম্ভব হয়েছে। প্রকাশ্য আদালতে বিচারের মাধ্যমে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া কেন সম্ভব হয়নি সেকথা পরে বলবো। অগাষ্ট অবধি কোন সময়েই পনের'শোর বেশী রাজবন্দীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়নি।

আমি আপনাদের প্রথমেই বোঝাতে চাই যে সন্ত্রাসবাদী আন্দোলন (আইন-অমান্য আন্দোলনের মতই) মূলতঃ হিন্দু আন্দোলন এবং এর স্রষ্টারা ও নেতারা সরকারী নীতি ও কাজের বিদ্বেষপরায়ণ ব্যাখ্যা ক'রে এর সমর্থক সংগ্রহ করেছে।

সন্ত্রাসবাদী এখন দৃঢ়ভাবে তার উদ্দেশ্য ঘোষণা করেছে—হত্যা ও শেষতঃ সশস্ত্র বিপ্লবের মাধ্যমে বর্তমান সরকারকে উচ্ছেদ করা। সরকার এই প্রতিদ্বন্দ্বিতার আহ্বান গ্রহণ করেছে। যে-কোন সরকারের এটাই মৌলিক কর্তব্য। আইন-সভায় যেমন বলা হয়েছে—এই প্রতিদ্বন্দ্বিতা যে-কোন সুশৃঙ্খল সরকার ও সমাজের বিরুদ্ধে।

সন্ত্রাসবাদ বাংলায় শিকড় গেড়েছে। কিন্তু এর শুরু ভারতের অপর দিকে; ১৮৯৭ সালে বোম্বাই প্রেসিডেন্সীতে সর্বপ্রথম নৈরাজ্যবাদের কেন্দ্র স্থাপিত হয়। এই আন্দোলন অনুপ্রেরণা লাভ করে মারাঠা ব্রাহ্মণ, বাল গঙ্গাধর তিলকের নিকট যিনি, তাঁর পত্রিকা, কেশরী-র মাধ্যমে এই মতবাদ প্রচার করেন। ১৮৯৭ সালে পুণায় মারাত্মক প্লেগ রোগ মহামারী আকারে দেখা দেয় এবং সরকার অন্যান্য ব্যবস্থা ছাড়াও, বাড়ী-বাড়ী পরিদর্শনের এবং প্লেগ অধ্যুষিত বাড়ী বাধ্যতামূলকভাবে পরিত্যাগের ব্যবস্থা গ্রহণে বাধ্য হয়। তিলক সরকার-গৃহীত ব্যবস্থার অপব্যাখ্যা এবং অজ্ঞ জনসাধারণের মনে উত্তেজনা সৃষ্টি করার এক অপূর্ব সুযোগ পান। তিনি তাঁর পত্রিকায় সরকারী কর্মচারী ও সরকারের বিরুদ্ধে জনসাধারণের ওপর দুরভিসন্ধিমূলক অত্যাচারের অভিযোগ করেন।

এই প্রচারের ফল সঙ্গে সঙ্গে ফলে। গভীর আতঙ্ক ও ক্ষোভের সৃষ্টি হয় এবং প্লেগ কমিশনার মিঃ র‍্যাণ্ডকে, যাঁকে খবরের কাগজে এককভাবে দায়ী করে তীব্র ভাষায় আক্রমণ করা হয়, পুণার রাস্তায় হত্যা করা হয় এবং তাঁর সঙ্গে একজন বৃটিশ সামরিক অফিসারকেও, যিনি তাঁর পেছনের গাড়ীতে আসছিলেন।[১] রাজদ্রোহাত্মক প্রবন্ধ কেশরী পত্রিকায় প্রকাশের জন্য বিচারে তিলকের কারাবাস হয় এবং হত্যাকারী ও তার সহচরদের মৃত্যুদণ্ড দেওয়া হয়, কিন্তু যে দুই ভাই-এর দেওয়া সংবাদে হত্যাকারীদের গ্রেপ্তার করা হয় তাদের পরে খুন করা হয় এবং যে পুলিশ অফিসার অনুসন্ধানে অংশ গ্রহণ করেন তাঁর প্রাণনাশের চেষ্টা ব্যর্থ হয়। এই দণ্ডাদেশ আন্দোলনকে স্তিমিত করে, কিন্তু তিলক আগুন জ্বালিয়ে দেন এবং বাংলার বিপ্লবীরা একথা পরে উপলব্ধি করে যে তাদের হাতের সংবাদপত্র এক ক্ষমতাশালী অস্ত্র। দৃশ্যপটের পরিবর্তন ঘটে —এবার লণ্ডন যেখানে এক গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে। এই ঘটনাগুলোর পর এবং অংশত এই ঘটনাগুলোর জন্য বালিওলের স্নাতক ও ব্যারিষ্টার বোম্বাইয়ের এক যুবক কৃষ্ণভর্মা লণ্ডনে যান যেখানে ১৯০৫ সালে তিনি ইণ্ডিয়া হোম রুল সোসাইটি (India Home Rule Society) স্থাপন করেন। সময়ের অভাবে মোটামুটিভাবে এই আন্দোলনের কথা বলবো। কৃষ্ণভর্মা সমর্থক সংগ্রহ আরম্ভ করেন যার প্রধান ছিলেন বোম্বাইয়ের নাসিকের এক প্রতিভাবান ছাত্র বিনায়ক সাভারকার ইণ্ডিয়া হাউস (India House) নামে হাইগেটে তিনি এক গুপ্ত সমিতি গড়ে তুললেন এবং ইণ্ডিয়ান সোসালজিষ্ট (The Indian Sociologist) নামে এক পত্রিকা চালু করে খোলাখুলিভাবে হত্যাকে সমর্থন করা হতে লাগলো। একই সঙ্গে গণেশ, বিনায়কের ভাই, নাসিকে এক গোপন সমিতি স্থাপন করে। দুটি দল ঘনিষ্ঠ সহযোগিতায় কাজ করে চলে এবং ষড়যন্ত্র দ্রুত বিস্তার লাভ করলো। নারকীয় যন্ত্র তৈরি করার উদ্দেশ্যে ইণ্ডিয়া

হাউস-এ চরম প্ররোচনামূলক বক্তৃতা দেওয়া হ'তে লাগলো। এই ষড়যন্ত্রের ফলে আবার হত্যা শুরু হ'ল। রাজদ্রোহের অপরাধে ভারতে গণেশের বিচার হয় এবং তাকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়।[২] পরের মাসে ইণ্ডিয়া হাউস-এর সদস্য এক পাঞ্জাবী যুবক ভারতীয় ছাত্রদের ওপর, তার কথায়, অমানুসিক শাস্তি দেওয়ার প্রতিশোধ চরিতার্থের জন্য লণ্ডনে ইণ্ডিয়া অফিস-এর (India Office) রাজনৈতিক এডিক্যাম্প (Political Aide-de-camp) স্যার উইলিয়ম কার্জন উইলীকে হত্যা করে।[২ক] এই যুবক, মদনলাল ধিংড়া মৃত্যু দণ্ডে দণ্ডিত হয়। এসব ক্ষেত্রে যা হয়ে থাকে, কার্জন উইলীর বিরুদ্ধে তার কোন ব্যক্তিগত অভিযোগ ছিল না বরং উইলী তার এবং তার পরিবারের সঙ্গে বন্ধুত্ব স্থাপন করেছিলেন। কৃষ্ণভর্মা এই হত্যাকাণ্ডের সঙ্গে তাঁর যোগসাজস অস্বীকার ক'রে সংবাদপত্রে বিবৃতি দিয়ে এই কাজের সমর্থন করেন এবং হত্যাকারীকে ভারতের স্বাধীনতা সংগ্রামের একজন শহীদ বলে সম্মানিত করেন।[৩] ইতিমধ্যে গণেশ ভারতে বোম্বাই হাইকোর্টে আপীল করে। পরে ঐ বছরে তার আপীল অগ্রাহ্য হয় এবং এক মাসের মধ্যে আর একটি হত্যাকাণ্ড সংঘটিত হয়। নাসিকের জেলা-শাসক, মিঃ জ্যাকশন, যিনি গণেশকে বিচারের জন্য চালান করেন, গুলীবিদ্ধ হয়ে খুন হন তাঁর সম্মানে আয়োজিত বিদায় গ্রহণ অনুষ্ঠানে। হত্যাকারী, যাকেও মৃত্যুদণ্ড দেওয়া হয়, বলে যে গণেশকে দণ্ড দেওয়ার প্রতিশোধ নিতে সে দৃঢ় প্রতিজ্ঞ ছিল।[৪]

লণ্ডনে কাজ চালানো খুবই অসুবিধাজনক হয়ে ওঠায় ইণ্ডিয়া হাউস-এর ষড়যন্ত্রকারীরা প্যারীতে চলে[৫] যায় এবং সেখানে তাদের পত্রিকা আবার চালু হয়। দুজন সদস্য পণ্ডিচেরী গিয়ে বিপ্লবী পত্রিকার প্রকাশ শুরু করে এবং সন্ত্রাসবাদী ষড়যন্ত্রে লিপ্ত হয়। এই প্রচারের ফলে মাদ্রাজের তিন্নেভেলীর জেলা শাসক, মিঃ আস্, নিহত হন।[৬] এই অপরাধ গুলোর জন্য দায়ী ইণ্ডিয়া হাউস গোষ্ঠী।

তারা বোমা ও বিস্ফোরক তৈরি করা সম্পর্কে যে সমস্ত প্রবন্ধ প্রকাশ করে, পুলিশ ভারতের নানা জায়গায় অনুসন্ধান চালিয়ে সেসব খুঁজে পায়। বাঙালী গোষ্ঠীর কাছেও এর কিছু পৌঁছায় যে সম্পর্কে আমি এখন কিছু বলবো। তারাও হত্যাকে প্ররোচনা দিয়ে পুস্তিকা প্রকাশ করে। ১৯১০ সালে বোম্বাইয়ে পৌঁছালে গ্রেপ্তার হয় এমন একজন সদস্যের কাছে পাওয়া পুস্তিকায় এই লেখা দেখা যায় "ইংরেজ ও ভারতীয় কর্মচারীদের আতঙ্কিত ক'রে তোল এবং নিপীড়নের যন্ত্র ভেঙে পড়তে আর বেশী দেরী নয়।" এবং আরও, "আমলাতন্ত্রকে অচল করতে এবং জনগণকে জাগিয়ে তুলতে বিচ্ছিন্ন হত্যাকাণ্ডের এই অভিযান সর্বশ্রেষ্ঠ উপায়।" আর একটি ক্ষেত্রে, যেখানে এই গোষ্ঠী কাজ করে চলেছিল, তার উল্লেখ বাকী আছে। ১৯০৫ সালে অক্সফোর্ডে রাষ্ট্রীয় বৃত্তিভোগকারী চতুর পাঞ্জাবী যুবক হরদয়াল, যে পরে প্যারীতে বিপ্লবীদের সঙ্গে কাজ করে ও আমেরিকায় যায়। যুক্তরাষ্ট্র ও কানাডায় শিখ জনগণের মধ্যে বিদ্রোহের বীজ ছড়ানোর জন্য সে তিন বছর ঘুরে বেড়ায়। সে একদল সমর্থক সংগ্রহ করে এবং "গদর" অর্থাৎ "বিদ্রোহ" নামে এক পত্রিকা প্রকাশ আরম্ভ করে। লাহোর ষড়যন্ত্র মামলায় প্রমাণিত হয় যে সানফ্রান্সিস্‌কোয় প্রকাশিত গদর পত্রিকা সর্বতোভাবে উত্তেজনা ছড়ায়-হত্যা ও বিদ্রোহে উস্কানি দেয় এবং হত্যা, বিপ্লব এবং বৃটিশ সরকারকে যে কোন উপায়ে উচ্ছেদের জন্য সকল ভারতীয়কে ভারতে যাওয়ার জন্য আবেদন জানায়। কানাডীয় অভিবাসন আইনে (Canadian Immigration Laws) বিক্ষুব্ধ শিখ অভিবাসীদের মধ্যে, যাদের অধিকাংশ ছিল অল্প শিক্ষিত কৃষক সম্প্রদায়ভুক্ত, এই প্রচার মারাত্মকভাবে চলে। হরদয়ালের বক্তৃতা শেষ পর্যন্ত যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে এবং ১৯১৪ সালের মার্চ মাসে নির্বাসন দেওয়ার উদ্দেশ্যে তাকে গ্রেপ্তার করা হয়। জামীনে থাকাকালীন সে সুইজারল্যাণ্ডে পালায় এবং সেইসব ভারতীয়দের সঙ্গে যোগ দেয় যারা স্ব-পক্ষ ত্যাগ

ক'রে যুদ্ধের সময় শত্রুপক্ষের সঙ্গে কাজ করে। নিজে এক নিরাপদ আশ্রয়ে থেকে গদর আদর্শে উন্মত্তদের পাঞ্জাবে ফিরে যাওয়ার উৎসাহ দেয়। হাজার হাজার প্রবাসী শিখ ১৯১৩-১৪ সালে ভারতে ফিরে আসে। পত্রিকার নামানুসারে তারা গদর দল বলে পরিচিত হয়। তাদের অভিযানের ইতিহাস নিয়ে একখানা বই লেখা যায়। তারা পাঞ্জাবে কতগুলো জঘন্যতম ডাকাতি ও খুন করে যা সেখানে এর আগে কখনো ঘটেনি। তাদের কর্মসূচীতে সৈন্যদের বিদ্রোহের পথে প্ররোচনা দেওয়া অগ্রাধিকার পায়। সৈন্যদের রাজভক্তিতে ফাটল ধরানোর চেষ্টায় তারা খুবই সামান্য সাফল্য অর্জন করে। কিন্তু যে বীজ বপন করা হয়েছিল তার পরিণতি অনেক দুঃখজনক হ'ত যদি না ২৯শে ফেব্রুয়ারী ১৯১৫ সালে একযোগে বাঙালী সন্ত্রাসবাদীদের সঙ্গে বিদ্রোহের পরিকল্পনা সময়মত আবিষ্কৃত ও খণ্ডন করা হ'ত। পুলিশ ও সামরিক বাহিনীকে ধন্যবাদ জানাই কারণ সেই অভিযান, মারাত্মক হলেও, তা ছিল ক্ষণস্থায়ী। ভারত রক্ষা আইন-এর (Defence of India Act) ফলে অর্জিত বিশেষ ক্ষমতার প্রয়োগে ১৯১৫ সালের শেষ দিকে অবস্থা নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়।

এবার আমি বাংলায় গুপ্ত সমিতি প্রতিষ্ঠা সম্পর্কে নিশ্চয়ই কিছু বলবো, কারণ সেটা আপনারা না বুঝলে আজকের অবস্থা ধারণা করতে পারবেন না। যে ষড়যন্ত্র সম্পর্কে আমি এতক্ষণ বলেছি তা বেশী দিন স্থায়ী হয়নি। এবার আমরা বাংলার দিকে তাকাবো—যে ঘটনা ভিন্ন ধরনের যেহেতু ২৫ বছর পূর্বে শুরু এই সন্ত্রাসবাদী আন্দোলন নানাদিকে ছড়িয়ে পড়েছে ও আজও বিশেষভাবে সক্রিয় এবং উত্তর প্রদেশে এই ধরনের ষড়যন্ত্রের প্রসার ঘটিয়েছে। ইংল্যাণ্ডে বসবাসকারী এবং পেশাদার ডাক্তার ঘোষের ছেলে বারীন্দ্র ঘোষ এই ষড়যন্ত্রের স্রষ্টা। বারীন ও তাঁর ভাই অরবিন্দের জন্ম ইংলণ্ডে। অরবিন্দ ইংলণ্ডেই বড় হন এবং পড়াশুনা করেন। যখন তিনি স্বদেশে ফিরে আসেন তিনি তাঁর মাতৃভাষা ভুলে যান। সাহিত্যে তাঁর বিরাট

ব্যুৎপত্তি ছিল এবং কেম্ব্রিজে ক্ল্যাসিকাল ট্রাইপোস (Classical Tripos) পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হন। তিনি ইণ্ডিয়ান সিভিল সার্ভিস পরীক্ষায় পাশ করেন কিন্তু অশ্বারোহণ পরীক্ষায় অকৃতকার্য হন। এর ফলে বিরক্ত হয়ে তিনি ভারতে আসেন এবং বরদায় গায়কোয়াড় কলেজে উপাধ্যক্ষ হিসেবে যোগ দেন। ছোট ভাই বারীনের জন্ম ১৮৮০ সালে এবং একবছর বয়সে তাঁকে ভারতে আনা হয়। ১৯০১ সালে তিনি বরোদায় অরবিন্দের সঙ্গে যোগ দেন এবং তাঁর নিজস্ব স্বীকারোক্তি অনুযায়ী সেখানে তিনি দেশের স্বাধীনতার জন্য কিছু করবেন বলে সিদ্ধান্ত নেন। এই উদ্দেশ্য নিয়ে তিনি পরের বছর বাংলায় ফিরে আসেন এবং তিনি যে মতবাদ প্রচার করেন, তাঁর নিজের কথায়, তার উদ্দেশ্য হ'ল - "বিপ্লবের কাজে যুবকদের উৎসাহিত করা এবং দেশকে বিদেশী শাসনের নাগ-পাশ থেকে মুক্ত করা।" তাঁর উদ্দেশ্য ব্যর্থ হওয়ায় তিক্ত হতাশা নিয়ে এক বছর পর বরোদায় ভাইয়ের কাছে ফিরে যান। প্রথমবার বাংলা সফরের সময় বারীনের প্রতি যে ঔদাসীন্য দেখানো হয়েছিল তাতে অবাক হবার কিছু নেই। যে যুবকদের তিনি দীক্ষিত করতে চেয়েছিলেন তারা জঙ্গীবাদী জাতি নয়। তারা অনেকদিন শান্তিতে বাস করেছিল এবং তারা একথা বিশ্বাস করাব কোন কারণ খুঁজে পায় নি যে তারা কোনো অত্যাচারী ও স্বৈরতন্ত্রী শাসনে নিষ্পেষিত, যাকে বোমা ও রিভলবাবের সাহায্যে আক্রমণ করা উচিত এবং উৎখ্যাত করা সম্ভব। পাইকাবী হত্যার প্রচার এই অবস্থায় সম্ভব ছিল না। জনসাধারণকে উত্তেজিত করার জন্য অন্য কিছু প্রয়োজন। ১৯০৫ সালে বাংলা বিভাগ এই সুযোগ এনেছিল। বারীন বুঝলেন অবস্থার মৌলিক পরিবর্তন ঘটেছে।

যেহেতু বঙ্গ-ভঙ্গ বিরোধী আন্দোলনের সঙ্গে চেষ্টা ক'রে ক্রমশঃ গড়ে তোলা হ'ল সন্ত্রাসবাদী আন্দোলন, যদিও তার ভিত্তি আগেই স্থাপিত হয়েছিল এবং বঙ্গ-ভঙ্গ রদ হওয়ার পরও চলেছিল, সে জন্য বঙ্গ-ভঙ্গ বলতে কি বোঝায় তা খুব অল্প কথায় ব্যাখ্যা করা

প্র য়োজন।[৭] যা ঘটেছিল তা হ'ল—৭ কোটি ৮০ লক্ষ লোকের বাস বেখাপ্পা আয়তনের বাংলা যার সঙ্গে যুক্ত ছিল বিহার ও উড়িষ্যা এবং শাসনভার ন্যস্ত ছিল একজন লেফটেনান্ট গভর্ণরের ওপর। যুক্তি সঙ্গত প্রশাসনিক কারণে একে ভাগ করা হ'ল বাংলা ও পূর্ব বাংলায় এবং দু'জন লেফটেনান্ট গভর্ণরের ওপর শাসনভার দেওয়া হয়। এই পরিবর্তন ঘোষিত হওয়ার সঙ্গে সঙ্গে দুই অংশের হিন্দু নেতারা তাদের বিক্ষোভ দ্বিগুণ বাড়িয়ে দিল। দুই প্রদেশ একত্র করলে হিন্দুরা মুসলমানদের থেকে সংখ্যা গরিষ্ঠ ছিল কিন্তু দ্বিখণ্ডিত হওয়ার পর মুসলমানরা পূর্ব বাংলায় সংখ্যা গরিষ্ঠ হ'ল। এই আন্দোলন যে এত তিক্ততার সঙ্গে পরিচালিত হবে এ আশা কেউ করতে পারে নি এবং অবশেষে ১৯১১ সালে দিল্লীর দরবারে রাজ আদেশে দুই বাংলা একত্রিত হয়। আর একটি কারণ যা বারীনের পরিকল্পনাকে সাহায্য করে তা হ'ল রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে জাপানের বিস্ময়কর জয়।[৮] তামাম এশিয়া বিস্মিত হয় এবং বারীন এই অবস্থার পূর্ণ সুযোগ নেন। তাঁর প্রথম সফরের তিন বছর পর বারীন যখন ফিরে এলেন, তিনি দেখলেন অভূতপূর্ব উত্তেজনা ও তিক্ততা বাংলাকে গ্রাস করেছে। একদা সম্পদশালিনী ও বিখ্যাত বাংলা তাঁর সন্তানদের প্রতিবাদ সত্বেও দ্বিখণ্ডিত! ইউরোপের অন্যতম এক বিচক্ষণ জাতির বিরুদ্ধে জাপান যে শক্তিমত্তার পরিচয় দেয় তার সঙ্গে তুলনা করা হ'ল বাঙালীরা যেভাবে অপমান সহ্য করলো তার। বাঙালীর কি ধর্ম নেই, দেশপ্রেম নেই! এই অনুকূল পরিবেশে বারীন দৃঢ় প্রতিজ্ঞা নিয়ে আবার চেষ্টা শুরু করলেন এবং বিকৃত ধর্ম ও সম-পরিমাণ বিকৃত দেশপ্রেমের ওপর ভিত্তি করে গুপ্ত সমিতিগুলো প্রতিষ্ঠিত করলেন যা আজ অবধি টিকে রয়েছে।

বারীন যাদের উদ্দেশ্যে প্রচার চালান সেই বাঙালী ছাত্রের মনস্তত্ত্ব আমরা এবার বিচার করবো। আমি মনে করি নীরস জলবায়ুর জন্য তার স্বাস্থ্য ও কর্মক্ষমতা ভারতের উত্তর অঞ্চলের

অধিবাসীদের থেকে নিকৃষ্ট। দারিদ্রের সঙ্গে অবিরাম লড়াই ক'রে তার পাণ্ডিত্যের প্রচেষ্টা পরীক্ষা পাশের মধ্যে সীমাবদ্ধ থাকে যা, কপালের লিখন অনুযায়ী তাকে সাহায্য করবে কোন উপজীবিকা বা কেরানীগিরি যোগাড় করতে। এ হিসেবে সে যদি যোগ্যতা অর্জন করেও তবুও সে দেখে চাকরী পাওয়ার সুযোগ কম। আপাত এই কারণে এবং আনুপাতিকভাবে যে স্বাস্থ্যকর আবহাওয়া এই দেশের বিশ্ববিদ্যালয় ও বিদ্যালয়গুলোতে আছে তার শিক্ষায়তনে সে পরিবেশের অনুপস্থিতি এবং যোগ্য ইউরোপীয়দের সঙ্গে বন্ধুত্বপূর্ণ মেলামেশার সুযোগের অভাবে সে হীনমন্যতায় ভোগে। সে অত্যন্ত স্পর্শকাতব, ভাব-প্রবণ ও উদার আবেগে ভরপুর। কিন্তু অতি সহজেই সে অপমানিত ও অবহেলিত বোধ কবে এবং তার আত্মসম্মানে আঘাত অতি সহজেই প্রতিক্রিয়ার সৃষ্টি করে। তার ভাবাবেগ একবার জাগ্রত হ'লে বিপথগামী দেশপ্রেম সন্ত্রাসবাদী আন্দোলনের মাধ্যমে প্রকাশ পায়। তার সেবার এত চাহিদা দেখে সে গর্ববোধ করে। যাঁরা দেশের স্বার্থে মৃত্যুবরণ করেছেন সেই তথা-কথিত বীরদের প্রশংসা তাকে অনুপ্রাণিত করে এবং তাঁদের দৃষ্টান্ত অনুসরণ করতে চায়। সরকারী নিপীড়ন এবং ঔদ্ধত্য সম্পর্কে সে যা শুনেছে তা বিশ্বাস করে, কারণ তার কোন প্রতিবাদ সাধারণতঃ সে শোনে নি।

কয়েকজন শিষ্য সংগ্রহ ক'রে বারীন, যাঁর সঙ্গে কলকাতায় তাঁর ভাই অরবিন্দ যোগ দেয়, "ভবানী মন্দির"[৭] নামে ১৯০৫ সালে এক পুস্তিকা প্রকাশ করে। ভবানী দেবী কালীর আর এক নাম যিনি ধ্বংসের দেবী এবং শক্তি রূপিণী মাতা—হিন্দু পুরাণ অনুযায়ী যাঁকে দেবতারা সৃষ্টি করেছিলেন সেই অসুরদের দমনের উদ্দেশ্যে যারা দেবতাদের রাজত্ব জোর করে অধিকার করে। বারীন যে ধারণা প্রচার করেন তা মোটামুটি হ'ল এই যে প্রতিহিংসা পরায়ণা কালী, যাঁর হাত রক্ত-মাখা, তিনি বর্বরতার নন নিঃস্বার্থপরতার প্রতিমূর্তি। কালী যেমন অসুরদের উচ্ছেদ করেছিলেন,

কালী-উপাসনার মাধ্যমে শক্তি সঞ্চয় ক'রে তাদেরও সেরকম উচিত ফিরিঙ্গীদের, (ইউরোপীয়দের এক ঘৃণ্য নাম,) বিতাড়ন করা।

বাংলায় বারীন-গোষ্ঠী প্রতিষ্ঠিত যুগান্তর, বন্দেমাতরম্ এবং সন্ধ্যা[১০] প্রভৃতি নানা পত্রিকায় সন্ত্রাসবাদী প্রবন্ধের বন্যা দেখা দেয় এবং ক্রমবর্ধমান প্রচলনের মাধ্যমে দিকে দিকে বিষ ছড়াতে থাকে। সংবাদপত্র বলতে আমরা এখানে যা বুঝি এগুলো সে-ধরণের মনে করবেন না। সরকার এবং তার কর্মচারীদের কাজ সম্বন্ধে অত্যন্ত চতুরতার সঙ্গে মিথ্যা খবর এইসব পত্রিকায় প্রকাশিত হ'ত এবং হত্যার রাজনীতিকে প্ররোচনা দেওয়া হ'ত। শুরুতে একটি প্রশ্ন যুবকদের মনকে আলোড়িত করেছিল—তা হ'ল আমাদের পক্ষে পরাক্রমশালী ব্রিটিশ সরকারকে সন্ত্রাসবাদের পথে উচ্ছেদ করা সম্ভব হবে কি? এই সংশয়ের উত্তর ১৯০৭ সালে মার্চ মাসে প্রকাশিত যুগান্তর পত্রিকায় এইভাবে দেওয়া হয়—"মাতৃভূমির অপমানের প্রতিশোধ নেওয়ার জন্য দশ হাজার বঙ্গ সন্তান মৃত্যুকে আলিঙ্গন করতে প্রস্তুত নয় কি? সারা দেশে ইংরেজের সংখ্যা দেড় লক্ষের বেশী নয় এবং প্রত্যেক জেলায় ইংরেজ কর্মচারীর সংখ্যা কত? দৃঢ় প্রতিজ্ঞা করলে তোমরা একদিনে ইংরেজ সরকারের পতন ঘটাতে পারো।" এরপর বারীন এবং তাঁর শিষ্যেরা তাদের পরিকল্পনাকে বাস্তবে রূপ দেওয়া আরম্ভ করলো। কলকাতার উপকণ্ঠে নিভৃত অঞ্চলে তারা এক বাগান নেয় যেখানে তারা অস্ত্র ও বিস্ফোরক যোগাড় করে এবং পৈশাচিক যন্ত্র তৈরি করে। এদের মধ্যে একজন সদস্য বোমা তৈরির শিক্ষা নেয় প্যারীতে। এইভাবে "যুগান্তর" বা "নবযুগ" সন্ত্রাসবাদী গোষ্ঠীর প্রতিষ্ঠা হয়।

যুগান্তর ছিল পশ্চিমবাংলার গোষ্ঠী। কিন্তু পূর্ববাংলাও সত্বর এই পথ গ্রহণ করলো।

প্রায় একই সময় এখানে অপর গোষ্ঠী "অনুশীলন" অথবা "সংস্কৃতি সমিতি" প্রতিষ্ঠিত হয়। আপাত দৃষ্টিতে শরীর ও ধর্মচর্চার

উদ্দেশ্যে পুলিন বিহারী দাস এই সমিতির প্রতিষ্ঠা করেন। শুরু হওয়া মাত্র দাবানলের মত এই মন্ত্র ছড়িয়ে পড়ে এবং এই পরবর্তী গোষ্ঠী অতি অল্প সময়ের মধ্যে পূর্ব-বাংলায় পাঁচ'শ শাখা প্রতিষ্ঠা করে। সদর দপ্তর থেকে অত্যন্ত কঠোরতার সঙ্গে এর বিস্তার নিয়ন্ত্রিত হয়। সারা রাজ্যকে ভাগ করা হয় - জেলা-সংগঠক নিযুক্ত হয়—এরা তাদের এলাকাকে আরও ভাগ করে। নিয়মিত ঘটনার বিবরণী সদর দপ্তরে পাঠানো হ'ত। ক্রমশঃ ক্রীতদাসে পরিণত করার অভিনব পন্থা হিসেবে সদস্যদের চার রকম শপথ বাক্য পাঠ করানো হ'ত দেবী কালীর সামনে—তারা প্রতিজ্ঞা করতো: জীবন ও সবকিছু উৎসর্গ করা, পারিবারিক বন্ধন ত্যাগ করা, বিনা প্রশ্নে নেতাদের হুকুম তামিল করা ও মৃত্যু অবধারিত হলেও কোন গোপন কথা প্রকাশ না করা - যারা সঙ্কল্পচ্যুত হ'ত তাদের প্রায়ই দণ্ড দেওয়া হ'ত। শেষতঃ সদস্যকে সমিতির তরফ থেকে একটা নাম দেওয়া হ'ত যে নামেই সে সতীর্থদের কাছে পরিচিত হ'ত। সদস্যদের কঠোর নিয়মানুবর্তিতার মধ্যে থাকতে হ'ত এবং অস্ত্র-পরিচালনা ও সাংকেতিক চিহ্ন পাঠের শিক্ষা দেওয়া হ'ত। বয়েজ স্কাউটস্‌দের মত গ্রামে সমাজ সেবায় তাদের উৎসাহিত করা হ'ত এবং আমি শুনেছি, তারা দিনে একটা ভাল কাজ করতো। এইভাবে তারা প্রচুর সমর্থন লাভ করতো স্থানীয় অধিবাসীদের যারা তাদের প্রকৃত চরিত্র জানতো না। যখন কোন আক্রমণের সিদ্ধান্ত নেওয়া হ'ত, অংশগ্রহণকারীদের বিভিন্ন গোষ্ঠী থেকে নেওয়া হ'ত যারা পরস্পরকে চিনতো না। অতএব যদি কখনও কেউ ধরা পড়তো সে ইচ্ছে থাকলেও তার সহচরদের সম্বন্ধে কিছু বলতে পারতো না। রিভলবার ও বন্দুক চুরি করে এবং অস্ত্রপাচারকারীদের কাছ থেকে কেনা হ'ত এবং বোমা তৈরি করা হ'ত। প্রথমদিকে বোমার আয়তন ছিল বেখাপ্পা ও গোলাকার। পরে আবিষ্কৃত হয় যে এগুলো আরও সহজে ও সুনিপুণ-ভাবে তৈরি করা যায়। সাধারণ সিগারেটের টিন তার দিয়ে বেঁধে

এবং পেরেক ও "Jute needles" ভেতরে পুরে। বিস্ফোরক পদার্থ হিসেবে ব্যবহার করা হ'ত এ্যামোনিয়াম পিক্রেট এবং বিরাট শব্দ করে বিস্ফোরণ ঘটানো হ'ত পারদ এবং কখনো কখনো ফিউজ-এর সাহায্যে। পরবর্তীকালে তৈরি বোমাগুলো আরও ক্ষমতা সম্পন্ন ছিল কারণ সেগুলো তৈরি করা হ'ত করাতের খাঁজ-কাটার মত এ্যালুমিনিয়ম দিয়ে—অনেকটা মিল বোমার মত। এর খোল অতি সহজে ঢালাই করা যায়। একটা ঘটনা আমি জানি কলকাতার এক অতি ছোট ঢালাই কারখানায় কয়েক'শ খোল ঢালাই করা হয়েছিল—কারখানার মালিককে বলা হয়—এবং আমি মনে করি সে সত্যিই বিশ্বাস করেছিল—যে ওগুলো সাবানের খোল হিসেবে ব্যবহারের জন্য।

যেহেতু আজ এখানে ডঃ সে'লডন (Dr. Sheldon) ভারতের চীফ ইন্সপেক্টর অব এক্সপ্লোসিভস্, উপস্থিত আছেন, আমি যে ধরনের বোমা ব্যবহার করা হয়েছিল, তার কয়েকটা নমুনা দেখাতে পারবো। যে কোন জীবিত ব্যক্তির থেকে বোমা সম্পর্কে ডঃ শেলডন বেশী জানেন। যখনই কোন আক্রমণ সংঘটিত হয়েছে তাঁকে পুলিশ খবর দিত এবং ভারতীয় বোমা তাঁর কাছে এত ঘরোয়া ব্যাপার হয়ে দাঁড়ায় যে তিনি স্বদেশে ফেরার সময় কয়েকটি নমুনা নিয়ে আসেন। প্রথম বোমাটি ঢালাই করা করাতের কাঁটার মত লোহার তৈরি—মাঝখানে 'ইউ' আকৃতির নল বসানো হয়েছে পারদকে ধরে রেখে বিস্ফোরণের জন্য। চট্টগ্রামে আক্রমণকারীরা এই বোমা ফেলে রেখে যায়। দ্বিতীয় প্রদর্শিত বস্তুটি হচ্ছে এ্যালুমিনিয়ামের তৈরি বোমা—ভেতরে বিস্ফোরক বসানো হয়। তৃতীয়টি উদ্ধার করা হয় একজন সন্ত্রাসবাদীর কাছ থেকে যে নিজেই নিজের বোমার আঘাতে নিহত হয়—এই বোমা তার কাছে পাওয়া যায়।

আমি আপনাদের এই ধরনের দুটি বোমার ইতিহাস বলবো। এই বোমার ব্যবহার হয় ১৯৩০ সালে বাংলায়। ১৯৩০ সালের

অগাষ্ট মাসের একটি সপ্তাহ পুলিশের খুব খারাপভাবে কাটে। অগাষ্ট মাসের শেষ সপ্তাহে পর পর কয়েকদিন তিনটি বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে কলকাতায়। পরের দিন ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (Inspector General of Police), মিঃ লোমান (Mr. Lowman), নিহত হন এবং একজন কর্মচারী, যিনি তাঁকে অনুসরণ করছিলেন, তিনি গুরুতর আহত হন।[১১] তারপর দিন পূর্ব বাংলায় দু'জন পুলিশ কর্মচারীর ওপর বোমা ফেলা হয়। এক নতুন ধরনের বোমা ব্যবহার করা হয় এবং এটা বোঝা যায় যে উন্নত ধরনের বিস্ফোরক ব্যবহার করা হয়েছে। এই আক্রমণের জন্য দায়ী ব্যক্তিদের গ্রেপ্তারের উদ্দেশ্যে পুলিশ অনুসন্ধান শুরু হয় এবং যদিও এটা বলা যায় যে দুর্ঘটনার দিক থেকে ঐ সপ্তাহ ভাল ছিল, তথাপি এটা স্পষ্ট হয় যে বিরাট ষড়যন্ত্রের এটা একটা অংশমাত্র। কলকাতায় সরকারী কর্মচারীদের এবং সরকারী ভবন, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও রেল ষ্টেশনের ওপর সর্বাত্মক আক্রমণের সিদ্ধান্ত নেওয়া হয়। একই সঙ্গে সারা রাজ্যে আক্রমণ চালানো হবে এবং এই উদ্দেশ্যে নানা ধরনের বোমা তৈরি ও বোঝাই করা হয় কলকাতায়। পুলিশ অনুসন্ধান যখন চলছিল আমি এক্স-রে করার জন্য একজন চিকিৎসকের কাছে যাই যিনি ইণ্ডিয়ান মেডিকেল সার্ভিসের (Indian Medical Service) একজন কর্নেল। আমাকে চিকিৎসা করার সময় কথায় কথায় বললেন যে তাঁর প্রায় সারা বিকেল নষ্ট হয়েছে কারণ তিনি গেছিলেন পরামর্শের জন্য, কিন্তু পরামর্শদাতা আসেন নি। তিনি বললেন—" আমি শুনেছি পুলিশ তাঁকে গ্রেপ্তার করেছে—সত্যি কি ?" আমি তাঁকে জিজ্ঞেস করি "তিনি কি ডাক্তার নারায়ণ চন্দ্র রায়"[১২] এবং তিনি বললেন "হ্যাঁ তাই।" আমি পরে বললাম—"আমি ঐ মানুষটি সম্পর্কে যা শুনেছি তা যদি সত্যি হয়, তবে তাঁর শেষ পরামর্শ বেশ কিছুদিন আগেই দিয়েছেন।" ডঃ নারায়ণ চন্দ্র রায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের এম. বি. এবং কলকাতার চিকিৎসক। ইউরোপীয়

ডাক্তারের পরামর্শকারী চিকিৎসক হিসেবে কাজ করতেন। তিনি ইণ্ডিয়ান ডিফেন্স ফোর্স (Indian Defence Force) কলকাতা ইউনিভার্সিটি ট্রেনিং কোর (Calcutta University Training Corps)-এর সদস্য ছিলেন এবং কলকাতা পৌর প্রতিষ্ঠানের (Calcutta Corporation) কাউন্সিলার (Councillor)। তাঁর সংস্পর্শে যাঁরা এসেছেন তাঁদের একজনেরও সামান্যতম ধারণাও ছিল না যে তিনি সন্ত্রাসবাদী। আমি আপনাদের বলেছি যে সন্ত্রাসবাদ গুপ্তভাবে কাজ করে এবং এই মানুষটি তার একটি জ্বলন্ত দৃষ্টান্ত। এটা প্রমাণিত হয় এবং ডঃ রায় স্বীকার করেন যে ১৯২৮ সাল থেকে তিনি অবসর সময়ে সন্ত্রাসবাদী ষড়যন্ত্রে লিপ্ত থাকতেন। তাঁর চিকিৎসা-বিদ্যা বিষয়ক এবং বৈজ্ঞানিক বিষয়ে জ্ঞান থাকায় তিনি এ্যামনিয়ম পিক্রেটের থেকে শক্তি-সম্পন্ন বোমা তৈরি করতে সক্ষম হয়েছিলেন। তিনি লোকেদের এই বোমা তৈরি করা শিখিয়েছিলেন এবং তিনি এগুলো ব্যবহারের জন্য শয়ে শয়ে বোঝাই এবং ভর্ত্তি করেছিলেন এবং এগুলোর ব্যবহার সারা রাজ্য জুড়ে হ'ত যদি না পুলিশ অনুসন্ধান এবং অংশতঃ তাদের ত্রুটিপূর্ণ ব্যবস্থাপনার ফলে এই ষড়যন্ত্র আবিষ্কৃত হ'ত।

ষড়যন্ত্রকারীরা প্রথম দিকে তাদের অভিযানের অর্থ সংগ্রহ করতো ডাকাতি করে, যার শেষ হয় যুদ্ধ বন্ধ হওয়ার সঙ্গে সঙ্গে—এবং অজুহাত দেওয়া হ'ত যে রাজনৈতিক ডাকাত সমাজের মঙ্গলের জন্য একাজ করছে কারণ এর উদ্দেশ্য ব্রিটিশ শাসনের উচ্ছেদ। লক্ষ লক্ষ টাকার সম্পত্তি লুঠ কবা হয় এবং বহু লোককে খুন করা হয় বাধা দেওয়ার সামান্যতম চেষ্টার জন্য। অনেকক্ষেত্রে সন্ত্রাসবাদীরা তাদের আহত সহচরদের হত্যা করেছে পাছে পরে সব ফাঁস হয়ে যায়।

বাংলা দেশে যুগান্তর ও অনুশীলনগোষ্ঠী বিস্তার লাভ করেছে এবং উত্তর প্রদেশ ও পাঞ্জাবে ঐ ধরনের ষড়যন্ত্র সৃষ্টি করেছে।[১৩] ভারতের বাকী অংশ ছেড়ে দিয়ে শুধুমাত্র বাংলায় ৩৮০টি আক্রমণাত্মক ঘটনা

ঘটেছে যার ফলে ১১২ জন নির্দোষ সরকারী কর্মচারী এবং অনুগত নাগরিকদের হত্যা করা হয়েছে। এই সংখ্যা আরও অনেক বেশী হ'ত যদি না পুলিশ অগণিত চক্রান্ত ব্যর্থ ক'রে দিত, অথবা দুর্ভাগ্যবশতঃ ব্যর্থ না হ'ত।

সময়ের অভাবে এইসব ঘটনার বিস্তারিত বিবরণ দেওয়া সম্ভব হবে না। বারীনের প্রথম প্রচেষ্টার একটি হচ্ছে লেফটেনান্ট গভর্ণরের[১৪] স্পেশাল ট্রেন উড়িয়ে দেওয়াব পরিকল্পনা। অন্যান্য অপরাধের মধ্যে ১৯০৮ সালেব এপ্রিল মাসে মজঃফরপুরে কলকাতার পূর্বতন চীফ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট (Chief Presidency Magistrate) মিঃ কিংসফোর্ড-এর (Mr. Kingsford) ঘোড়ার গাড়ী ভুল করে বোমা ছুঁড়ে দু'জন ইংরেজ রমণীকে নির্মমভাবে হত্যা।[১৫] পুলিশ অনুসন্ধানের ফলে বারীনের বাগান আবিষ্কৃত হয় এবং ষড়যন্ত্রকারীরা অস্ত্র ও বোমাসহ ধরা পড়ে।[১৬] ১৯০৮ সালের মে মাসে ওই দলের ৩৭ জনকে চালান দেওয়া হয় বিচারের জন্য। তিনটি বিভিন্ন আদালতে প্রায় ২১ মাস শুনানি চলে এবং শেষতঃ হাইকোর্ট বারীন ও আরও তিনজনকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করেন। অরবিন্দ এবং আরও ২২ জনকে অব্যাহতি দেন। এবার আমরা বিবেচনা করবো ঐ দীর্ঘ বিচার পর্ব চলার সময়ে কি ঘটেছিল। প্রথমতঃ একজন অনুশোচনাকারী ষড়যন্ত্রকারী রাজসাক্ষী হয়[১৭] এবং তাকে জেলে খুন করা হয়। একজন পুলিশ অফিসারকে,[১৮] যিনি অনুসন্ধানে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেন, হত্যা করা হয়। এরপর একজন সরকারী উকিলকে,[১৯] যিনি ভারতীয় আইনজীবী, আদালত প্রাঙ্গনে তাঁকে হত্যা করা হয় এবং শেষতঃ হাইকোর্টে বিচার চলাকালে একজন ভারতীয় ডেপুটি সুপারিটেনডেণ্ট অব পুলিশ[২০] (Deputy Superintendent of Police)-কে যিনি এই মামলার দায়িত্বে ছিলেন, বাংলার প্রধান বিচারপতির আদালতের (Court of the Chief Justice of Bengal) বাইরে খুন করা হয়। শতশত ঘটনার মধ্যে এই একটি

দৃষ্টান্ত থেকে আপনারা উপলব্ধি করবেন কি রকম সন্ত্রাসের আবহাওয়া সৃষ্টি হয়েছিল এবং সততা ও বিচার বিঘ্নিত হয়েছিল। সাধারণ ফৌজদারী আদালত সৃষ্টি করা হয়েছিল স্বাভাবিক অবস্থায় সাধারণ অপরাধের বিচার করার উদ্দেশ্যে। কিন্তু ষড়যন্ত্রকারীরা উদ্দেশ্য প্রণোদিত হ'য়ে সৎ ও খোলাখুলি বিচার ব্যবস্থা প্রায় বানচাল করে দিয়েছে। এই অবস্থার মোকাবিলা করার জন্য যদি কোন বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে তার অর্থ এই নয় যে মৌলিক নীতির ওপর ভিত্তি করে যে আইন সৃষ্টি করা হয়েছে তাকে অগ্রাহ্য করা। আপনারা নিশ্চয়ই উপলব্ধি করবেন সন্ত্রাসবাদী অপরাধ অনুসন্ধানকারী পুলিশ অফিসারের অসুবিধাগুলো, যখন সাক্ষীরা ভয়ে যা জানে তা বলতে চায় না।

এই আতঙ্কের বিরুদ্ধে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে সে সম্বন্ধে আমি আপনাদের কিছু বলবো। প্রথমতঃ সংবাদপত্র সম্বন্ধে। সন্ত্রাসবাদী পত্রিকার প্রভাব বিস্তারের অফুরন্ত ক্ষমতা সেই জাতির ওপর যারা অনুকরণ প্রবণ এবং সহজে প্রভাবিত হয়। ১৯০৮ সালের পূর্বে যে সংবাদপত্র বিষয়ক আইন প্রচলিত ছিল ফৌজদারী আইনের মত এই জরুরী অবস্থার মোকাবিলায় সেগুলো ছিল সম্পূর্ণ অচল। যুগান্তর-এর দৃষ্টান্ত দেখুন যার প্রকাশ শুরু হয় ১৯০৬ সালে। এক বছরে আনুমানিক মুদ্রাকর ও প্রকাশককে পাঁচবার সফলতার সঙ্গে অভিযুক্ত করা হয়। কিন্তু ব্যক্তি বিশেষের কারাদণ্ড ঝামেলা বন্ধ করতে সক্ষম হয় নি বরং প্রকৃতপক্ষে বাড়িয়ে দিয়েছিল। অপেক্ষাকৃত তরুণ সদস্যদের ভেতর থেকে নকল মুদ্রাকর ও প্রকাশক নিযুক্ত করা হ'ত যারা সহজে শহীদ হ'য়ে গৌরব অর্জন করতো এবং প্রত্যেকটি মোকদ্দমা পত্রিকার প্রচলন বাড়িয়ে দিত। প্রধান অসুবিধে ছিল এই যে আইন ভঙ্গকারী পত্রিকাকে বাজেয়াপ্ত করার কোন আইনগত ব্যবস্থা ছিল না। শয়তানীর বীজ বপন করার দু'বছর পরে ১৯০৮ সালে পত্রিকাগুলোকে শায়েস্তা করার জন্য প্রাথমিক ব্যবস্থা গ্রহণ করা

হয়। দু'বছর পরে ইণ্ডিয়ান প্রেস এ্যাক্ট (The Indian Press Act)-এর মাধ্যমে আরও ব্যাপক ব্যবস্থা গ্রহণ করা হয় যার ফলে জামানত দাবী এবং অপরাধী পত্রিকাকে বাজেয়াপ্ত করার ক্ষমতা দেওয়া হয়। পত্রিকাগুলোকে নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। অত্যন্ত গোঁড়া ও নিষ্ঠুর প্রকৃতির প্রচারপত্র সন্ত্রাসবাদীরা চালু করলো, কিন্তু যেহেতু এগুলো গুপ্তভাবে ছাপা ও প্রচার করা হ'ত সেজন্য বিপদের সম্ভাবনা সীমিত ছিল।

এই রকম আরও কিছু ব্যবস্থা নেওয়া হ'ল ফৌজদারী আইনের ত্রুটিগুলো দূর করার জন্য। যেমন—জুরী বাদ দিয়ে তিনজন বিচারকের আদালতে বিচার ব্যবস্থা এবং জনসাধারণের শান্তিভঙ্গকারী ও বিপদজনক সংঘগুলোকে আইনের মাধ্যমে নিষিদ্ধ করা। কিন্তু এই ব্যবস্থাগুলো ছিল ভাসা ভাসা এবং সন্ত্রাসবাদের মত দৈত্যকে যদি হত্যার বদলে আঁচড়ান তবে আপনার অস্ত্র শুধু উত্তেজনার সৃষ্টি করবে। আন্দোলন দৃঢ়ভাবে বাড়তে শুরু করলো এবং আক্রমণের ঘটনা আরও ঘন ঘন ঘটতে আরম্ভ করলো এবং আরও দুঃসাহসিকভাবে। বিশ্বযুদ্ধের সময় সন্ত্রাসবাদীরা শত্রুপক্ষের সাহায্য পেয়েছিল—এরা আন্দোলনকে বাস্তব সাহায্যের চেয়ে নৈতিক সমর্থন বেশী দিয়েছিল। সরকারী যন্ত্র বিকল হওয়ার মত বিপদের সম্মুখীন হয়েছিল। এটা পরিস্ফুট হয় যে আইন-শৃঙ্খলা রক্ষার স্বাভাবিক ব্যবস্থা পরাভূত হয়েছিল। ১৯১৫ সালের ভারত রক্ষা আইন (The Defence of India Act) সরকারের সাহায্যে লেগেছিল কারণ এই আইন প্রয়োগের ফলে অনেক ষড়যন্ত্র ও আক্রমণকে ব্যর্থ করা সম্ভব হয়। এই ক্ষমতাকে দু'ভাগে ভাগ করা হয়েছিল—দণ্ডার্হ ও নিরোধক। প্রথমটির ক্ষেত্রে স্থানীয় সরকার নিযুক্ত তিনজন জুডিশিয়াল কমিশনার (Judicial Commissioner) বিচার করতেন। সাধারণ বিচার পদ্ধতি অনুসরণ করার প্রয়োজন হ'ত না এবং কমিশনারদের রায় চূড়ান্ত বলে বিবেচিত হ'ত। নিবর্তনমূলক ক্ষমতাই বেশী ফলপ্রদ

হয়েছিল। কেবলমাত্র অপরাধীদের দণ্ড দিয়ে এই ধরনের আন্দোলনকে দমন করা সম্ভব নয় যদি না সমস্ত নেতাদের শুরুতেই দণ্ড দেওয়া যায় এবং প্রমাণ-সাক্ষ্য সংগ্রহের মৌলিক অসুবিধা বর্তমান ছিল এবং রয়েছে। নিবর্তনমূলক ক্ষমতার বলে পুলিশ একজন সন্ত্রাসবাদীকে পনের দিন আটক করতে পারতো এবং এ সময়ের মধ্যে ধৃত ব্যক্তির সম্পর্কে প্রমাণ-পত্র পাঠাতে হ'ত। যে অভিযোগ তৈরি করা হ'ত তার বিরুদ্ধে রাজবন্দী তার কৈফিয়ৎ দিতে পারতো। দু'জন বিচারক গোপনে তা খতিয়ে দেখে সরকারকে জানাতো ঐ রাজবন্দীর বিরুদ্ধে কোন আদেশ জারী করার মত উপযুক্ত কারণ আছে কি নেই। এই আদেশ নানা ধরনের ছিল যেমন, বাংলার বাইরে বা ভেতরে কারারুদ্ধ করা, কোন গ্রামে বাস করতে বাধ্য করা অথবা কোন এলাকা থেকে বহিষ্কার করা। রাজবন্দীদের ভরণ-পোষণের জন্য পর্যাপ্ত ভাতা দেওয়া হ'ত এবং আদেশ জারী হবার আগে রাজবন্দীর ওপর নির্ভরশীল আত্মীয় বা পরিবারবর্গকে এই ভাতা দেওয়া হ'ত। অল্প কথায় এই হচ্ছে ক্ষমতাগুলো যা সামান্য পরিবর্তিত হয়ে আজও চালু আছে। আমার কাছে সঠিক সংখ্যা নেই তবে যতদূর মনে পড়ে ১২০০-র অধিক লোকের ওপর এই আদেশ জারী করা হয়।

এই অভিযান ছিল অপ্রত্যাশিত। এর ফলে খুনীর দলকে ছত্রভঙ্গ করা সম্ভব হয় এবং তাদের শক্তিকে নৈতিক বলকে ধ্বংস করা হয়।

১৯১৭ সালের শেষাশেষি ষড়যন্ত্রকে সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে আনা হয়েছিল। এরপর সরকার যে ব্যবস্থা নেন সেটা হ'ল এক কমিটি নিয়োগ ক'রে ষড়যন্ত্রকারীদের সবকিছু খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া, যাতে ভবিষ্যতে এরা মাথাচাড়া দিয়ে উঠলে সঠিক ব্যবস্থা নেওয়া যায়। চারজনের এক কমিটি নিয়োগ করা হয়[২১] যার মধ্যে দু'জন ছিলেন বিচারক এবং এর তত্ত্বাবধানে ছিলেন রাজ-আদালতের (King's Bench) বিচারক রাউলাট। এই কমিটিকে

সমস্ত প্রাসঙ্গিক নথিপত্র দেখার সুযোগ দেওয়া হয়েছিল এবং তাঁরা অনেক সাক্ষীকে জেরা করেন এবং যে সমস্ত পুলিশ অফিসার এই আন্দোলনের মোকাবিলা করেন তাঁদেরও। তাঁদের প্রতিবেদনে তৎকালীন অবস্থার মূল্যবান ও চিত্তাকর্ষক বিবরণ পাওয়া যায়। তাঁরা কিছু নিয়ন্ত্রণ ক'রে ভারত রক্ষা আইন প্রদত্ত ক্ষমতা চালু রাখার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। "কেবলমাত্র এই ব্যবস্থার মাধ্যমে", তাঁরা মন্তব্য করেন, "ষড়যন্ত্রকে বর্তমানে পঙ্গু করা হয়েছে এবং এর পুনরুজ্জীবন ঠেকাতে, পুনরুজ্জীবিত হ'লে নিয়ন্ত্রণ করা অথবা শেষতঃ নতুন করে দমন করার মত কোন যুক্তিযুক্ত ও নির্ভুল বিচার পদ্ধতি উদ্ভাবন করতে আমরা অক্ষম। আমরা প্রস্তাব করছি কোন ভবিষ্যৎ আপৎকালীন অবস্থা মোকাবিলার জন্য ক্ষমতা সহজ নাগালের মধ্যে থাকা উচিত। আগেভাগেই সেই আইন লিপিবদ্ধ হওয়া উচিত। এই ব্যবস্থার একটা নৈতিক ফলও পাওয়া যাবে। যতক্ষণ বিপদ না দেখা দিচ্ছে ততক্ষণ আইন-প্রণয়ন স্থগিত রাখা হ'লে ১৯০৬-১৯১৭ সালের ঘটনার পুনরাবৃত্তির সম্ভাব্য বিপদ থেকে যাবে।" পরবর্তী-কালের ঘটনাবলী এই বিজ্ঞ উপলব্ধি এবং প্রতিবেদনে দেওয়া রায় যুক্তি-যুক্ত বলে প্রমাণ করেছে। এই সুপারিশের ওপর ভিত্তি করে যে আইনের খসড়া তৈরি করা হয় তা আইন হিসেবে দিল্লীর আইনসভায় ১৯১৯ সালের মার্চ মাসে গৃহীত হয়। স্থির হয় যে ধারাগুলো ভারত রক্ষা আইনের প্রধানতঃ অনুরূপ সেগুলো প্রয়োজন না দেখা দিলে চালু করা হবে না। কোন্ রকমের প্রমাণের ওপর ভিত্তি করে অপরাধীদের আটক করা হয় সে সম্বন্ধে আমি মনে করি কিছু বলা প্রয়োজন। যে ব্যবস্থার ফলে বিনা বিচারে মানুষের স্বাধীনতা হরণ করা হয় তার প্রতি বিরূপতা থাকা স্বাভাবিক। আপনারা নিঃসন্দেহ হ'তে পারেন রাউলাট কমিটি, যার মধ্যে বিচারিক পরিবেশ এত শক্তিশালী ছিল, কখনই এরকম কোন ব্যবস্থা গ্রহণের সুপারিশ করতেন না যদি কোন বিকল্প থাকতো এবং যদি

পুলিশের কাজ-কর্ম দেখে সন্তুষ্ট না হ'তেন যে এই বিচার বহির্ভূত ক্ষমতা প্রয়োগের ফলে নির্দোষ ব্যক্তিরা অপরাধীদের সঙ্গে জড়িয়ে প'ড়তে পারে। এখানে এবং ভারতে বহু ব্যক্তি এই ব্যবস্থার বিরুদ্ধে তিক্ত অভিযোগ এনে এই ধারণার সৃষ্টি করতে চেয়েছেন যে শত শত নির্দোষ ছাত্রদের একজন সাধারণ চরের কথায় আটক করা হয়েছে। এর থেকে বড় অসত্য আর কিছু হ'তে পারে না। এই আবহাওয়ায় সাধারণ চর টিকতে পারে না। সাধারণ অপরাধের, যা করা হয়ে থাকে ব্যক্তিগত স্বার্থের জন্য এবং যার উদ্দেশ্য সরকারকে অচল করা বা তার ভিত্তিকে আঘাত করা নয়, প্রকৃতি স্বতন্ত্র। যখন কোন ব্যক্তিকে এ ধরণের অপরাধের জন্য গ্রেপ্তার এবং বিচার করা হয় তার শেষ সেখানেই। সন্ত্রাসবাদী অপরাধের প্রকৃতি ভিন্ন, বিরাট এর ব্যাপ্তি এবং নিরবচ্ছিন্ন এর প্রবাহ। পুলিশ অনুসন্ধান সেইমত অবিচ্ছিন্নভাবে গত পঁচিশ বছর ভারতে এবং পৃথিবীর বিভিন্ন অংশে চলছে। নানা জায়গা থেকে অবিরত তথ্য আসছে। যদি ভুল করা হ'ত অথবা মিথ্যা অভিযোগ তৈরি করা হ'ত তবে আজ নয় কাল প্রকাশ পেত। যুদ্ধের শেষে, যে ব্যবস্থার বিবরণ দিয়েছি তা ছাড়াও, কলকাতা এবং বোম্বাই হাইকোর্টের দু'জন বিচারপতি নিয়োগ করা হয়েছিল আটক বন্দীদের বিষয় পরীক্ষা ক'রে দেখার উদ্দেশ্যে শুধুমাত্র আদেশ জারীর সময়ের অভিযোগের ভিত্তিতেই নয় সংগৃহীত তথ্যের ওপরও। প্রত্যেক রাজবন্দীকে বিশেষ আদালতে আমন্ত্রণ জানানো হ'ত আনীত অভিযোগের বিরুদ্ধে আত্মপক্ষ সমর্থনের জন্য। এই বিচারপতিরা প্রায় আটশোর ওপর ঘটনা পরীক্ষা করেন এবং মাত্র দু'টির ক্ষেত্রে তাঁরা মনে করেন আটক আদেশ জারী করার মত যথেষ্ট কারণ ছিল না। সরকারের পক্ষে এই আটক আইন প্রয়োগ কোন তথ্যের ভিত্তিতে করা হচ্ছে সেটা জনসাধারণকে জানানো অসম্ভব কারণ তার ফলে যে উৎস থেকে খবর সংগ্রহ করা হচ্ছে তা বিপন্ন হবে। এই একটি অন্যতম কারণ যা এই আন্দোলন মোকাবিলায়

কর্তৃপক্ষের অসুবিধা সৃষ্টি করছে। সরকার অবিরত বিষয়গুলো পুনর্বিবেচনা করে দেখছেন এবং প্রত্যেকটি টুকরো টুকরো তথ্যাদি যেমন পাওয়া যায় তা ফাইলে রাখা হয়। স্যার স্ট্যানলি জ্যাকসন[২২] (Sir Stanley Jackson), যিনি নিজে এসব নথিপত্র অনেক দেখেছেন, আমার এই দৃঢ় উক্তিকে, আমি নিশ্চিত, সমর্থন করবেন যে হত্যাকারী দলের সদস্য ছাড়া কেউ যাতে এই নিয়ন্ত্রণের আওতায় না পড়ে এবং নিয়ন্ত্রণের সীমা যাতে নিরপত্তার সঙ্গে সামঞ্জস্য রেখে ন্যূনতম হয় সে-বিষয়ে বিশেষ নজর দেওয়া হ'ত। সন্ত্রাসবাদের ইতিহাস সরকারের বিরুদ্ধে নিপীড়নের অভিযোগ সমর্থন করেই না ববং এটাই প্রমাণ করে যে সরকার বরাবরই বিশেষ ক্ষমতা বলে বলীয়ান হ'তে অনিচ্ছুক। এই ক্ষমতা যখনই ব্যবহার করা হয়েছে সেটা নিতান্ত সাময়িকভাবে। যখনই আক্রমণ নিয়ন্ত্রিত হয়েছে তখনই আপোসের নীতি গ্রহণ করা হয়েছে এই আশায় যে জনমত সোচ্চার হয়ে উঠবে সেই আন্দোলনের বিরুদ্ধে যা দমন করা না হ'লে উদীয়মান ছাত্ররা সক্রিয় এবং সম্ভাব্য অপরাধীতে পরিণত হবে। এই সমঝোতার নীতি ব্যর্থ হয়েছে এবং সন্ত্রাসবাদী নেতারা এই প্রচেষ্টাকে সবকারের দুর্বলতা বলে গণ্য করেছে।

যখন রাউলাট বিল, যার সরকারী নাম "দি এ্যানারকিক্যাল এ্যাণ্ড রিভল্যিউশনারী ক্রাইমস্ এ্যাক্ট" (The Anarchical and Revolutionary Crimes Act") বিবেচনাধীন ছিল তখন এর বিরুদ্ধে পাঞ্জাবে প্রচণ্ড গুজব রটে গেল। উদাহরণ স্বরূপ, এই আইনের বলে তিন চার জন লোককে আলাপরত দেখলে পুলিশ গ্রেপ্তার করতে পারবে। নির্দিষ্ট পরিমাণ জমির বেশী কেউ জমি রাখতে পারবে না এবং সরকারের অনুমতি ছাড়া কেউ বিয়ে করতে পারবে না। অশিক্ষিত জনসাধারণ, যাদের ওপর এই আইন প্রযোজ্য নয় এবং যারা এই আইনের ধারা সম্বন্ধে অজ্ঞ ছিল, তারা এই গুজব বিশ্বাস করলো। প্রধানতঃ এই বিলের বিরুদ্ধে এবং এই লোকেদের মধ্যে গান্ধী

১৯১৯ সালের মার্চ মাসে তাঁর প্রথম আইন অমান্য আন্দোলন শুরু করলেন। ফল হ'ল দুঃখজনক। তিনি এমন এক শক্তিকে জাগ্রত করলেন যাকে পরিচালনা বা নিয়ন্ত্রণ করার ক্ষমতা তাঁর ছিল না। পাঞ্জাব এবং বোম্বাই প্রেসিডেন্সীর নানা জায়গায় অভূতপূর্ব দলবদ্ধ হিংসাত্মক ঘটনা ঘটলো। আক্রমণ ছিল ইউরোপীয় বিরোধী এবং নারী-পুরুষ কাউকে রেহাই দেওয়া হয় নি। ইংরেজ মালিকানায় পরিচালিত ব্যাঙ্ক লুণ্ঠিত এবং পোড়ানো হ'ল। ব্যাঙ্ক কর্মচারীদের হত্যা করা হল এবং তাদের দেহ স্তূপীকৃত করে জ্বালিয়ে দেওয়া হয়। রেলওয়ে লাইন উপড়ে ফেলা হ'ল এবং রেলওয়ে ষ্টেশন জ্বালিয়ে দেওয়া হয়েছিল এবং কর্মচারীদের হত্যা করা হয়। সামরিক আইন জারী করে পাঞ্জাবে শান্তি ফিরিয়ে আনা হয়।[২৩]

এবার আমরা পৌঁছেছি যুদ্ধোত্তরকালে যখন এই দেশ বিরাট হত্যা ও সংঘর্ষের ফলে ক্লান্ত এবং শান্তি ও সুনামের জন্য আগ্রহী। যুদ্ধে ভারতীয় সৈন্যের বীরত্ব এবং মিত্রশক্তির জয়ে ভারতের অবদান বিশেষভাবে স্বীকৃত ও প্রশংসিত হয়েছিল। রাজকীয় ঘোষণায় কারারুদ্ধ সকলকে মুক্তি দেওয়া হয়। ১৯২১ সালের ফেব্রুয়ারী মাসে ডিউক অব কনট (Duke of Connaught) মন্টেগু-চেমস্‌ফোর্ড (Montagu Cheimsford Reforms) রিফর্মস বিধির মাধ্যমে সুদূরপ্রসারী সংস্কার চালু করলেন। এই বিধি স্বৈরতান্ত্রিক শাসন-যন্ত্রকে ক্রমান্বয়ে এবং স্বয়ংক্রিয়ভাবে দায়িত্বশীল শাসন ব্যবস্থায় রূপান্তর করার পথ করেছিল। এই সংস্কার বিধি চালু হবার পর ১৯২২ সালে ফৌজদারী আইনের পরিপূরক রাউলাট বিল, যা কোন দিন প্রয়োগ করা হয় নি, এবং প্রেস এ্যাক্ট সমেত সমস্ত এই জাতীয় আইন বাতিল করা হয়।

এই সংস্কারবিধি চরমপন্থীদের চাহিদা মেটাতে অসমর্থ হয় এবং গান্ধীজী আবার জনপ্রিয় হয়ে উঠলেন তাঁর অহিংস অসহযোগ আন্দোলনের সুবাদে। যদিও গান্ধীজীর নিজের আদর্শ ছিল অহিংসা

গান্ধীজীর অনুগামীরা যথারীতি ক্রমে ক্রমে নিয়ন্ত্রণের বাইরে চলে গেল এবং এই আন্দোলনের ফলে চৌরি চোরায় পুলিশ হত্যার মর্মান্তিক ঘটনা ঘটলো।

বিধি-নিষেধ মুক্ত সন্ত্রাসবাদীরা ঘটনা প্রবাহের ওপর দৃষ্টি রাখছিল এবং এই স্বপ্রণোদিত আন্দোলন যে সুযোগ সৃষ্টি করেছিল তার সদ্ব্যবহার ক'রে তাদের অনুবর্তীদের সংঘবদ্ধ এবং সমিতিগুলোকে পুনর্গঠন করছিল। ১৯২২ সালে গান্ধীজীর গ্রেপ্তার ও কারাদণ্ড তাদের এই ধারণা দৃঢ় করলো যে গান্ধীজীর নীতি, যা তারা কখনও বিশ্বাস ও গ্রহণ করেনি, ব্যর্থ হয়েছে এবং তাদের নিজস্ব পন্থার ওপর নির্ভরশীল হ'তে হবে। তারা হিংসাত্মক অভিযান আবার শুরু করার সিদ্ধান্ত নিল। প্রেস এ্যাক্ট রদের অব্যবহিত পরেই সন্ত্রাসবাদী প্রচারের পরিপ্রেক্ষিতে দ্বিতীয়বার সন্ত্রাসবাদী অভিযান বাংলায় শুরু হ'ল। যুগান্তর গোষ্ঠী প্রথম আঘাত হানলো এবং ১৯২৩ সালে কলকাতা ও তার উপকণ্ঠে ডাকাতির সঙ্গে হত্যা পুনরায় শুরু হ'ল। এই অভিযানের সঙ্গে যুদ্ধের সময়কার অভিযানের পার্থক্য ছিল। তখন অর্থ-সংগ্রহ করা হ'ত বিত্তশালী নাগরিকদের সম্পত্তি লুঠ ও হত্যা করে—এর ফলে জনমত বিরূপ হয়। সাম্প্রতিককালে এই আক্রমণ সরকারের বিরুদ্ধে পরিচালিত হয়—ডাকঘর, সরকারী মেল এবং রেলের ক্যাশ অফিস লুণ্ঠিত হয়। আরও একটা গুরুত্বপূর্ণ প্রচেষ্টা চালানো হয় যার আভ্যন্তরীণ উদ্দেশ্য ছিল সদস্য সংগ্রহ ও সংগঠনকে সাহায্য করা এবং বাহ্যত বাংলা কংগ্রেসে প্রবেশ করা এবং তার কার্যনির্বাহক কমিটি এবং নিখিল ভারত কংগ্রেস কমিটির আসন দখল ক'রে জনগণের সহানুভূতি আদায় করা। এই অনুপ্রবেশ এত দ্রুত হয় যে সন্ত্রাসবাদীরা বাংলা কংগ্রেসকে বাধ্য করে প্রশংসাসূচক প্রস্তাব গ্রহণ করতে সন্ত্রাসবাদী গোপীনাথ সাহার উদ্দেশ্যে, যাকে কলকাতায় একজন ইউরোপীয়কে হত্যা করার অপরাধে প্রাণদণ্ড দেওয়া হয়।[২৪] ১৯৩০ সালে যখন তৃতীয়বার সন্ত্রাসবাদী তৎপরতা

শুরু হয় বাংলা দেশে তখন খুব কম জেলাই ছিল যেখানে স্থানীয় কংগ্রেস কমিটিতে সন্ত্রাসবাদীদের প্রতিনিধিত্ব ছিল না। সম্প্রতি এক সন্ত্রাসবাদীদের চিঠির খসড়ায় দাবী করা হয় যে বাংলাদেশের শতকরা ৯০ ভাগ কংগ্রেস কর্মীই বিপ্লবী।

কলকাতা পৌর-প্রতিষ্ঠান স্বায়ত্ত-শাসন লাভ করার পর কংগ্রেসই আধিপত্য করছে। ফলে এখানেও সন্ত্রাসবাদীদের প্রভাব প্রবল। এই পৌর প্রতিষ্ঠানও একজন হত্যাকারীর প্রশংসা ক'রে একইভাবে প্রশংসাসূচক গণপ্রস্তাব গ্রহণ করেছে। ঘটনাগুলো এ'রকমের—১৯৩০ সালের ডিসেম্বর মাসে দীনেশ গুপ্ত ৬ জন সশস্ত্র সন্ত্রাসবাদীসহ চূড়ান্ত নিষ্ঠুর ও কাপুরুষোচিতভাবে নিরস্ত্র অবস্থায় কর্মরত কর্ণেল সিম্পসন্-কে (Inspector General, Gaols—Colonel Simpson), হত্যা করে এবং এরপর এলোমেলোভাবে অন্যান্য সরকারী কর্মচারীদের অফিসে গুলী চালায় যার ফলে দু'জন আহত হন। দীনেশকে গ্রেপ্তার করা হয় এবং এই হত্যার জন্য জুলাই মাসে তাকে প্রাণদণ্ড দেওয়া হয়। এর পাঁচদিন পরে কলকাতা পৌর প্রতিষ্ঠান এই কাপুরুষ হত্যাকারীর প্রাণদণ্ডে দুঃখ প্রকাশ করে এবং সদস্যরা দাঁড়িয়ে উঠে যে প্রস্তাব গ্রহণ করে তাতে বলা হয় "সে তাঁর আদর্শের জন্য আত্মোৎসর্গ করে।" এর তিনদিন পরে প্রকাশিত কলকাতা পৌর-সভার গেজেটে প্রথম পাতায় তার ছবি ছাপা হয় এবং সভার কার্য বিবরণী ও মূল প্রস্তাব প্রকাশিত হয়। ষোল দিন পর যে ট্রাইবুনাল দীনেশকে দণ্ড দেয় তার প্রেসিডেন্ট মিঃ গার্লিক-কে (Mr. Garlick) তাঁর আদালতে গুলি করে যে সন্ত্রাসবাদী[২৫] তার কাছে একটুকরো কাগজ পাওয়া যায় যাতে লেখা—"সেই আদালতকে অভিসম্পাত দিই যার অবিচারের ফলে দীনেশের মৃত্যু দণ্ড হয়।" যখন বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস এবং কলকাতা পৌর-প্রতিষ্ঠানের মত গণপ্রতিষ্ঠানে এই ধরনের অপরাধী ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা জানায় তখন যে ভাবপ্রবণ যুবকদের কথা আমি বলেছি যাদের মনকে বিদ্যালয়-

জীবন থেকে বিষাক্ত করা হচ্ছে। তারাও যদি হত্যা ও ধ্বংসের পথ বেছে নেয় তাতে আশ্চর্য হবার কিছু আছে কি? মিঃ সি. আর. দাস কলকাতা পৌর সভার মেয়র নির্বাচিত হওয়ার পর প্রথমেই চাকরীর জন্য দরখাস্ত আহ্বান করেন তাদের কাছ থেকে যারা দেশের জন্য দুঃখ কষ্ট ভোগ করেছে। ফলে এই পৌর-প্রতিষ্ঠান শিক্ষক হিসেবে স্থান দিয়েছে সন্ত্রাসবাদী ও তাদের আত্মীয় স্বজনকে।

সারা রাজ্যে বিদ্যালয় ও মহাবিদ্যালয়ে প্রথম অভিযানের সময় থেকে এখন আরও বেশী গভীরভাবে সন্ত্রাসবাদীদের অনুপ্রবেশ ঘটেছে। আমি মনে করি না যে আমি অতিরঞ্জিত করছি—যদি বলি এমন কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই যেখানে একটা সন্ত্রাসবাদী গোষ্ঠী নেই প্রধান নেতাদের নিয়ন্ত্রণে এবং যার ফলে পুলিশের অজান্তে যুবকেরা হত্যা করে চলেছে। এই নেতাদের অনেকেই গ্রেপ্তার এড়িয়ে ঘুরছে এবং এদের ধরিয়ে দিতে জনসাধারণ ভয় পায়। কোন কোন ক্ষেত্রে এরা বছরের পর বছর তাদের শক্তি ব্যয় করেছে হত্যাকাণ্ডে প্ররোচনা দিয়ে। তাদের সাধারণ অনুচররা, যাদের কয়েক'শ কে আমি জানি, করুণার উদ্রেক করে। সরকারের প্রতি ঘৃণায় তাদের অপরিণত মন পরিপূর্ণ এবং তাদের সদ্‌গুণগুলোকে বিকৃত ক'রে এবং দুর্বলতার সুযোগ নিয়ে তাদের অপরাধমূলক কাজে প্ররোচিত করা হচ্ছে।

আমি ঘটনার দৃশ্যপট বর্ণনা করলাম। আন্দোলন বিস্তার লাভ করার সঙ্গে সঙ্গে নানা ধরণের সহায়ক দল সৃষ্টি হ'ল। এদের বিভিন্ন নাম দেওয়া হয়েছিল যেমন নিউ ভায়োলেন্স পার্টি (New Violence Party) ইত্যাদি। যদিও সাধারণভাবে ভিন্ন এবং স্বতন্ত্র, এই দলগুলো প্রায়ই ঐক্যবদ্ধ হ'য়ে কাজ করতো। প্রথম অভিযানের মত দ্বিতীয় অভিযান শুরু হওয়ার সময়েও পুলিশের হাতে অতিরিক্ত ক্ষমতা ছিল না এই আন্দোলনকে এবং পত্রিকাগুলোকে নিয়ন্ত্রণ করার জন্য। আদালতের সাহায্যে পুলিশ এই অভিযান ব্যর্থ করার চেষ্টা করে, কিন্তু সাক্ষ্য প্রমাণাদির অভাবে সে চেষ্টা ব্যর্থ হয়। বাংলা সরকার

বিশেষ ক্ষমতা গ্রহণে বাধ্য হ'ল এবং ভারত রক্ষা আইন এর অনুকরণে অর্ডিন্যান্স জারী করলো। যেহেতু এ অর্ডিন্যান্স ছয় মাসের জন্য চালু ছিল, বাংলা সরকার অর্ডিন্যান্সের ধারা অন্তর্ভুক্ত করে খসড়া বিল তৈরী করলো কিন্তু কাউন্সিল এর উত্থাপন অস্বীকার করলো। গভর্ণর পাঁচ বছরের জন্য এই বিল অনুমোদন করলেন। ভারত রক্ষা আইন-এর মত এর ক্ষমতা এত ব্যাপক ছিল না ; লক্ষণীয় যে রাজ্যের বাইরে আটক রাখার কোন বিধি এতে ছিল না এবং কেবলমাত্র সক্রিয় সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা রইলো। সদস্য সংগ্রহকারী ও সংগঠকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কোন ধারা ছিল না। ১৯২৭ সালের এপ্রিলের মধ্যে প্রায় সমস্ত নেতাদের এবং সক্রিয় সদস্যদের আটক করা হ'ল। তারপর আরম্ভ হ'ল ধীরে ধীরে বন্দীদের মুক্তি দেওয়া। ১৯২৮ সালের সেপ্টেম্বরে সবাইকে মুক্তি দেওয়া হ'ল। ১৯৩০ সালে আইনের মেয়াদ শেষ হ'ল এবং এই তিন বছরে এই বিশেষ ক্ষমতা প্রয়োগ করা হয়নি। সরকার তখন সিদ্ধান্ত নিল আটক রাখার ক্ষমতা বাতিল করার এবং শুধুমাত্র বিচার সাপেক্ষ ক্ষমতা বহাল রাখার। এই সময়ে মুক্ত সন্ত্রাসবাদীরা আরও বৃহৎ আকারে এবং আরও ব্যাপকভাবে আঘাত হানবার জন্য সংগঠনকে এবং নিজেদের শক্তিশালী করার কাজে ব্যস্ত রইলো।

আইনের মেয়াদ শেষ হওয়ার সতেরো দিন বাদে এক বিস্ময়কর আক্রমণ সংঘটিত হ'ল। খাঁকি পোষাক সজ্জিত, সামরিক কায়দায় অস্ত্র-শস্ত্র, নানা যুদ্ধোপকরণ ও বোমার সাহায্যে রাতে সন্ত্রাসবাদীরা চট্টগ্রামের ইউরোপীয় আবাসস্থল এবং বিভাগীয় সদর কার্যালয়ের ওপর আক্রমণ করে। একই সঙ্গে পুলিশ অস্ত্রাগার, অক্সিলারী ফোর্স (Auxiliary Force)-এর সদর দপ্তরের অস্ত্রাগার এবং টেলিফোন এক্সচেঞ্জের ওপর আক্রমণ চালান হয়। রেল যোগাযোগ ব্যবস্থা বিনষ্ট করা হয় এবং একটি ট্রেনকে ধ্বংস করা হয়। টেলিফোন অফিসের সুইচ্‌ বোর্ড ভেঙে টুকরো করা হয় এবং বাড়ীটিতে অগ্নি—

সংযোগ করা হয়। অক্সিলারী ফোর্সের অস্ত্রাগারের দুজন প্রহরী, দু'জন সারজেন্ট মেজর এবং আরও চারজন নিহত হন। অস্ত্রাগার বলপ্রয়োগ ক'রে খোলা হয় এবং পিস্তল, রাইফেল এবং একটি লুইস গান চুরি করা হয়; বাড়ীটিতে অগ্নি-সংযোগ করা হয়। পুলিশ লাইনে প্রহরীকে হত্যা করা হয়। অস্ত্রাগার জোর জবরদস্তি খোলা হয় এবং মাসকেটস্ রিভলবার এবং কার্তুজ, গোলা বারুদ লুঠ করা হয়। এই বাড়ীটিও পুড়িয়ে দেওয়া হয়। এরপর এই সুসংহত ও সুশৃঙ্খল দল একত্রিত হ'য়ে কুচকাওয়াজ করে চট্টগ্রামের চারপাশের জঙ্গল ও পাহাড়ের দিকে চলে যায়।

এই আক্রমণ তৃতীয় অভিযানের সূত্রপাত করলো যার ফলাফল আপনারা দৈনিক সংবাদপত্রে পড়ছেন। ১৯৩০ সালে আইনের মেয়াদ খতম হওয়ার আটমাসের মধ্যে ৩৬টি ঘটনায় কমপক্ষে ১৯ জন নিহত হয় যেখানে গত বছর ১১৮টি আক্রমণের ঘটনা ঘটে। ১৯০৭ সালের মার্চে যুগান্তর যে আদর্শ প্রচার করেছিল সেই অনুসারে সন্ত্রাসবাদীরা ইউরোপীয় কর্মচারীদের আক্রমণের লক্ষ্য হিসেবে স্থির করে। কিন্তু তারা ইউরোপীয় সংঘের প্রেসিডেণ্ট এবং ষ্টেটস্‌ম্যান পত্রিকার, যে পত্রিকা ভারতের আশা-আকাঙ্ক্ষার প্রশ্নে উদার দৃষ্টিভঙ্গী নিয়ে থাকে, সম্পাদককেও হত্যা করার চেষ্টা করে।[২৬] যখনই সন্ত্রাসবাদী পত্রিকার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের চেষ্টা করা হয়েছে তখনই সেই ব্যবস্থার বিরুদ্ধে আত্মপ্রকাশ করে এক প্রচণ্ড গোঁড়ামি এই যুক্তিতে যে সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে—এই হিংসাত্মক ঘটনা সেই মনোভাবকে বিদ্রূপ করে। সম্প্রতি নারী সন্ত্রাসবাদীদের আত্মপ্রকাশ আর একটি অশুভজনক ব্যাপার। আইন অমান্য আন্দোলনে নারীরা অফিস কলকারখানা ঘিরে রেখে সক্রিয়ভাবে কাজে যোগদানে বাধা সৃষ্টি করতো, এবং অহিংস আন্দোলন ছেড়ে হিংসার পথে যাওয়া অত্যন্ত ক্ষণস্থায়ী ব্যাপার। আপনারা স্মরণ করুণ সেই ঘটনার যখন দু'জন নারী কুমিল্লার ম্যাজিষ্ট্রেট মিঃ ষ্টিভেন্সকে হত্যা করে।[২৭]

আর একজন নারী স্নাতক স্যার ষ্ট্যানলী জ্যাকসন-এর ওপর অতর্কিতে আক্রমণ করে।[২৮] এরপর একজন নারী ডাকাতিতে অংশ গ্রহণ করে এবং আরও সাম্প্রতিককালে গত সেপ্টেম্বর মাসে চট্টগ্রাম রেলওয়ে ইন্স্টিটিউট-এর ওপর আক্রমণের পরিচালনা করে। যখন তাস খেলা চলছিল, তখন রাত সাড়ে দশটার সময় সন্ত্রাসবাদীরা বোমা, রিভলবার এবং বন্দুক নিয়ে তিন দিক থেকে ঐ প্রাঙ্গণ আক্রমণ করে। একজন ইংরেজ রমণী নিহত হন এবং চারজন নারীসহ এগারোজন অতিথি আহত হন। পরে ঐ সন্ত্রাসবাদীকে মৃত অবস্থায় বাড়ীটির বাইরে পাওয়া যায়—সে বিষপান করে।[২৯]

প্রথম চট্টগ্রাম আক্রমণের পরই আটক করার ক্ষমতা সমেত অর্ডিন্যান্স পুনরায় চালু করা হয়। পাঁচ বছরের মেয়াদ বিশিষ্ট পরের বিলটি বেঙ্গল কাউন্সিল (Bengal Council)-এ উত্থাপন করা হয় এবং পক্ষে ৬১ বিপক্ষে ১৫ ভোটে গৃহীত হয়। এটি একটি সুলক্ষণ কারণ জনমত বিপদকে উপলব্ধি করে। এরপর আরও ক্ষমতা গ্রহণ করা হয় বিশেষতঃ এবং সম্ভবতঃ সবচেয়ে গুরুত্বপূর্ণ হ'ল সংবাদপত্রে হত্যা ও হিংসার প্ররোচনা দেওয়ার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ক্ষমতা। এই বিল, যার মেয়াদ ছিল সীমিত, গত অক্টোবর মাসে আইন সভায় পাশ হয়।

বাংলার ঘটনার গুরুত্ব বিবেচনা করে বেশী সময় নিয়েছি সেজন্য উত্তর ভারতে এই আন্দোলনের প্রসার সম্বন্ধে আমি সংক্ষেপে বলবো। সম্প্রতি বিস্ময়কর আক্রমণগুলো যেমন দিল্লীর আইন সভায় বোমা নিক্ষেপ এবং পাঞ্জাবের গভর্ণরকে হত্যা করার চেষ্টা প্রমাণ করে ষড়যন্ত্রের অস্তিত্ব।[৩০] এগুলোর স্রষ্টা বাংলার সন্ত্রাসবাদীরা এবং বাংলার থেকেই এরা অনুপ্রেরণা পায়।[৩১]

১৯১২ সালে এক সক্রিয় কেন্দ্র দিল্লীতে স্থাপিত হয় যার ফলে ডিসেম্বর মাসে বোমার আক্রমণে লর্ড হার্ডিঞ্জও গুরুতর আহত হন এবং একজন পরিচর্যাকারী নিহত হয়।[৩২] আরও বোমার আক্রমণ

চলে। অবিরাম পুলিশ অনুসন্ধান চলা সত্ত্বেও ১৯২৪ সালের আগে ষড়যন্ত্র ফাঁস হয় নি। বাংলায় পুলিশ অনুসন্ধান চলার পর প্রকাশ পায় যে এই ঘটনার পেছনে বাংলার সুদক্ষ নৈরাজ্যবাদীদের হাত রয়েছে। পরে বেনারসেও একটি সক্রিয় কেন্দ্র স্থাপিত হয়।[৩৩]

উত্তর প্রদেশ ও পাঞ্জাবে যে গোষ্ঠী তৎপরতা চালাচ্ছে তারা নিজেদের নাম দিয়েছে হিন্দুস্থান রিপাবলিকান পার্টি যে নাম বাংলার এক গোষ্ঠীকে এমন মোহিত করেছে যে তারা ঐ নাম গ্রহণ করেছে।

উত্তর ভারতের গোষ্ঠী বিচ্ছিন্ন এবং বাংলার মত তাদের পেছনে বাংলার মত মারাত্মক এবং দৃঢ়তা সম্পন্ন প্রতিষ্ঠান নেই। এর কারণ এই নয় যে বাংলার সন্ত্রাসবাদীরা চেষ্টার কোন ত্রুটি করেছে তাদেরই মত উত্তর প্রদেশে ও পাঞ্জাবে আন্দোলন গড়ে তুলতে যার বিবরণ আমি দিয়েছি। দ্বিতীয়বার অভিযানের সময় তারা ঐ রাজ্যে প্রায় ২৩টি কেন্দ্রে সংগঠক প্রেরণ করে এই নির্দেশ দিয়ে যে তারা সমস্ত এলাকা জুড়ে কাজ করবে যতদিন না আরও সংগঠক পাঠানো সম্ভব হবে। স্থানীয় প্রতিষ্ঠানে অনুপ্রবেশ করতে হবে এবং কংগ্রেসে আসন দখল করতে হবে। আন্দোলন যে রূপ নিয়েছে তাতে আতঙ্ক রয়েছে। দৃষ্টান্ত স্বরূপ গত ফেব্রুয়ারীতে এক সপ্তাহে এলাহাবাদে চারটি বোমা পুলিশের ওপর পড়ে তার মধ্যে একটি ফাটে নি এবং ঐমাসের প্রথম সপ্তাহে আজমগড়ে এবং লাখ্নৌয়ে বোমার আক্রমণে ১০ জন পুলিশ অফিসার এবং সাতজন সাধারণ মানুষ আহত হয়।

শেষ করার আগে বাংলার কথায় ফিরে যাই এবং বিশেষ করে পুলিশ সম্পর্কে কিছু বলবো। সাধারণ আইন যেমন সম্পূর্ণভাবে এই অবস্থার মোকাবিলায় অক্ষম ছিল, সে-রকম সাধারণ পুলিশী ব্যবস্থাও ছিল অক্ষম। গোয়েন্দা বিভাগ সৃষ্টি হ'ল বিশেষভাবে নির্বাচিত অফিসারদের নিয়ে। আমি বলতে পারি এই বিভাগের ভারতীয় অফিসাররা সাহস, আনুগত্য ও উৎসর্গীকৃত মনোভাব নিয়ে তাদের কর্তব্য করেছেন যার জন্য সরকার ও জনসাধারণ তাঁদেরা

কাছে ঋণী। অনেক রক্তপাত ঘটেছে কিন্তু ঘটনা আরও দুর্ভাগ্যজনক হ'ত যদি এই বীরের দল সন্ত্রাসবাদীদের ষড়যন্ত্র উদ্ঘাটন করাকে তাঁদের জীবনের এক মহান খেলা বলে মনে না করতেন।

তাঁদের এবং তাঁদের পরিবার বর্গ নিপীড়িত হয়েছেন এবং তাঁদের একঘরে করা হয়েছে—সামাজিক সম্পর্ক বর্জন ভারতে এক নির্মম অস্ত্র। তাঁদের সব সময়ে ভয় দেখানো হয়েছে এবং তাঁদের অনেকে খুন হয়েছেন। আমি দেখছি তিনজন বিভাগীয় প্রধান ভারতীয় খুন হয়েছেন কিন্তু বিনা দ্বিধায় আর একজন সেই শূন্যস্থান পূরণ করেছেন। এই সাহস এবং দৃঢ় সঙ্কল্প ভবিষ্যৎ ভারতের মঙ্গলময় পূর্বাভাষ।

১। ওয়ালটার চার্লস্ র‍্যাণ্ড ছিলেন সাতারার এসিষ্টাণ্ট কালেক্টর। সরকার প্লেগ নিবারণের উদ্দেশ্যে এক কমিশন গঠন করে এবং র‍্যাণ্ডকে কমিশনার করা হয়। প্লেগ সংক্রামিত অঞ্চলে রোগীর খোঁজে পুলিশ ও মিলিটারী অকথ্য অত্যাচার চালায়। হাসপাতালে অব্যবস্থা, অনুসন্ধানের নামে বাড়ী ঘর তছ্‌নছ্‌ এবং দেহ পরীক্ষার অজুহাতে মেয়েদের শ্লীলতাহানী জনসাধারণের মনে তিক্ত ক্ষোভের সঞ্চার করে। এই নির্যাতন ও অপমানের প্রতিশোধ নেওয়ার এক পরিকল্পনা করা হয় এবং ২২-এ জুন ১৮৯৭ সালে মহারাণী ভিক্টোরিয়ার শাসনের হীরক জয়ন্তী উপলক্ষে অনুষ্ঠিত উৎসবের দিন পুণা গণেশ খিন্দ অঞ্চলে তিন ভাই চাপেকর দামোদর, বালকৃষ্ণ ও বাসুদেও ও বাসুদেও-র বন্ধু মহাদেব বিনায়ক রাণাডের ষড়যন্ত্রে র‍্যাণ্ড ও অপর এক সামরিক অফিসার লেঃ আয়ার্ষ্ট নিহত হন। এই হত্যার অপরাধে দামোদর ও বালকৃষ্ণ মৃত্যুদণ্ডে দণ্ডিত হন। দুটি গুপ্তচর হত্যা ও ষড়যন্ত্রের অপরাধে বাসুদেও এবং রাণাডের মৃত্যুদণ্ড হয়। —অনুবাদক।

২। গণেশ সাভারকারের বিরুদ্ধে অভিযোগ হ'ল তিনি মিত্র মেলার জন্য দুটি গানের বই লিখেছিলেন। ৯ই জুন ১৯০৯ সালে তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। গোয়েন্দা কর্তৃপক্ষের বিবরণ অনুযায়ী এই দণ্ডাজ্ঞা দেওয়ার পর ২০শে জুন ইণ্ডিয়া হাউস-এর রবিবাসরীয় সভাতে বিনায়ক

সাভারকার অত্যন্ত বিক্ষুব্ধ হন এবং তিনি ভারতে ইংরেজদের পাইকারীভাবে হত্যার সমর্থন করেন।

ভারত সরকারের গোয়েন্দা দপ্তর উইলীকে হত্যার পেছনে বিনায়ক সাভারকারের হাত ছিল বলে মনে করে। এখানে উল্লেখ করা যেতে পারে যে উইলীর হত্যাকারী খিংড়া লণ্ডনে যান ১৯০৬ সালের জুলাই মাসে এবং ১৯শে অক্টোবর তিনি ইউনিভার্সিটি কলেজে ইঞ্জিনিয়ারিং পড়ার জন্য ভর্তি হন।

—অনুবাদক।

২ক। গ্রেপ্তার করার সময় মদনলাল খিংড়ার পকেটে যে কাগজ পাওয়া যায় তাতে লেখা ছিল—"I attempted to shed English blood intentionally and of purpose, as an hnmble protest against the inhuman transportations and hangings of Indian youth.

"In this attempt I consulted none but my own conscience, conspired with none but my own duty.

"I believe that a nation unwillingly held down by foreign bayonets is in a perpetual state of war. Since open battle is rendered impossible—I attacked by surprise—since cannon could not be had I drew forth and fired a revolver.

"...The only lesson required in India is to learn how to die and the only way to teach it is by dying alone.

"The soul is immortal and if every one of my countrymen takes at least two lives of Englishmen before his body falls the Mother's salvation is a day's work.

"...It is my fervent prayer, may I be reborn of the same mother and may I redie in the same sacred cause till my mission is done...." (Political Tronble in India by J. C. Ker, p. 164, Calcutta, 1973) গোয়েন্দা কর্তৃপক্ষ সন্দেহ করে এই লেখা সাভারকারের খিংড়ার নয়।

—অনুবাদক।

৩। ১ জুলাই ১৯০৯ টাইমস্ পত্রিকায় কৃষ্ণবর্মা লেখেন যে স্যার উইলিয়ম তাঁর বন্ধু ছিলেন এবং এই হত্যাকাণ্ডের সঙ্গে তাঁর কোন সম্পর্ক নেই। তবে

তিনি আরও বলেন—"I frankly admit I approve of the deed and regard its author as a martyr in the cause of Indian independence." (Political Trouble in India, p. 164) —অনুবাদক।

৪। ২১শে ডিসেম্বর ১৯০৯ সালে মিঃ জ্যাকশনকে বিজয়ানন্দ্ থিয়াটারে অনন্ত লক্ষণ কানহেরে '(Anant Lakshman' Kan here) গুলী ক'রে হত্যা করে। উল্লেখ্য গণেশের আপীল বোম্বাই হাইকোর্ট ১০ই নভেম্বর ১৯০৯ সালে অগ্রাহ্য করেন। এই হত্যাকাণ্ডে প্ররোচনা দেওয়ার জন্য বিনায়ক সাভারকারকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। —অনুবাদক।

৫। মিঃ কার-এর বিবরণ অনুযায়ী ভি. ভি. এস. আয়ার লণ্ডন থেকে প্যারীতে যান ১৯শে এপ্রিল, ১৯১০ সালে এবং ৯ই জুন ১৯১০ সালে বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ও সেখানে যান। আয়ারের মতে সন্ত্রাসবাদ বা ব্যক্তি হত্যা বিপ্লবের প্রথম পর্যায় যা দৃঢ়ভাবে চালিয়ে যেতে হবে যদিও বিপ্লবীদের চরম লক্ষ্য বিপ্লব এবং ইংলণ্ডের সঙ্গে খণ্ড যুদ্ধ। আধুনিক অস্ত্রশস্ত্র ও বিস্ফোরক তৈরি করা শিখতে লোক পাঠানো প্রয়োজন আমেরিকা অথবা ফ্রান্সে। এই সিদ্ধান্ত অনুযায়ী ভারতীয় বিপ্লবীদের প্যারী নগরীতে একটি কেন্দ্র গড়ে ওঠে যেখানে কৃষ্ণভর্মা, পারসী মহিলা মাদাম কামা, পাঞ্জাবী যুবক হরদয়াল ও রাজপুত এস. আর. রাণা বৈপ্লবিক কর্মপন্থা রচনায় লিপ্ত হন। —অনুবাদক।

৬। ১৭ই জুন ১৯১১ সালে তিন্নেভেলী জেলার মনিয়াচী (Maniyachi) জংশন স্টেশনে রেলগাড়ীর কামরায় মিঃ আস্ তাঁর স্ত্রীর সামনে গুলীবিদ্ধ হয়ে নিহত হন। তাঁর আততায়ীর নাম বানচী (Vanchi) আয়ার। তিনি ছিলেন ত্রিবাঙ্কুর ফরেস্ট ডিপার্টমেন্টের কেরানী। তিনি নিজে আত্মহত্যা করেন।

৭। বঙ্গ বিভাগের সিদ্ধান্ত ঘোষিত হয় ১৯০৫ সালের জুলাই মাসে এবং কার্যকরী করা হয় ১৬ই অক্টোবর। লর্ড কার্জন বাঙালী জাতিকে শায়েস্তা করার জন্যই এই ব্যবস্থা গ্রহণ করেন। তিনি যে চরমপন্থী তৎপরতা অনেকাংশে বাড়িয়ে দেন সে কথা স্বীকার করেন পরোক্ষভাবে C. R. Cleveland, Director of Criminal Intelligence। Political Trouble in India, 1907-1917, বইটি লেখেন J. C. Ker, ICS, গোয়েন্দা বিভাগ সংগৃহীত গোপন তথ্যের ওপর ভিত্তি করে। এই বইটি ছিল অত্যন্ত গোপনীয়। Mr. Ker ছিলেন Director, Criminal Intelligence এর Personal Assistant ১৯০৭ সাল থেকে ১৯১৩ সাল পর্যন্ত। আবার Officer on Special Duty এই পদে ১৯১৭ সালের

ফেব্রুয়ারী থেকে নভেম্বর পর্যন্ত তিনি বহাল থাকেন। C. R. Cleveland, যিনি ছিলেন Director, এই বই-এর মুখবন্ধে বলেন—"I venture to close this preface with a fairly long quotation from Farquhar's 'Modern Religious Movements in India,' a book, in my opinion, of fascinating interest and deep knowledge and insight" এই মন্তব্য ক'রে তিনি ঐ বই থেকে যে উদ্ধৃতি দেন তার প্রাসঙ্গিক অংশ "…Then there came in 1905, the Partition of Bengal.…Lord Curzon believed he was carrying out the best policy ; but he paid little attention to Bengali feeling and opinion, and some of the speeches which he delivered in a tour through the province were provocative in the last degree. In any case, his action infuriated the educated classes in Bengal ; the whole country was soon rocking sympathy with them ;…

"It was these events that gave the anarchist party their opportunity…"

গোয়েন্দা বিভাগ স্বীকার করে যে Lord Curzon-এর "arrogant spirit and manner" সন্ত্রাসবাদী কার্যকলাপ বৃদ্ধিতে প্ররোচনা দেয়।

—অনুবাদক।

৮। রুশ জাপান যুদ্ধ শুরু হয় ১০ই ফেব্রুয়ারী ১৯০৪ সালে। এই যুদ্ধে জাপান জয়লাভ করে। আমেরিকার মধ্যস্থতায় সন্ধিপত্র স্বাক্ষরিত হয় ২৯-এ অগাষ্ট ১৯০৫ সালে। শ্বেতাঙ্গজাতির এই পরাজয় ভারতে বিপুল উদ্দীপনার সৃষ্টি করে।

৯। বারীনের পরামর্শে অরবিন্দ লেখেন 'ভবানী মন্দির'। ১৯০৪ সালে বইটি বরোদা থেকে প্রকাশিত হয়। শক্তির আরাধনা ও দেশ সেবায় জাতিকে উদ্বুদ্ধ করাই এই বই-এর মুখ্য উদ্দেশ্য ছিল। সরকার এই বইটির প্রচার নিষিদ্ধ করে।

১০। ব্রহ্ম বান্ধব উপাধ্যায়ের পত্রিকা "সন্ধ্যা"-র শুভ আবির্ভাব হয় ২৬-এ নভেম্বর ১৯০৪ সালে। প্রতিদিন বিকেলে প্রকাশিত হ'ত। শুরু থেকেই ব্রহ্মবান্ধবের সম্পাদনায় "সন্ধ্যা" কৌতুকভরা, শ্লেষপূর্ণ এবং তেজোদীপ্ত ভাষায়

জনসাধারণের দুঃখ কষ্ট, ব্যথা-বেদনার কথা বলতো এবং অতি অল্প সময়ের মধ্যেই জনপ্রিয় হয়ে ওঠে। "সন্ধ্যা" প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে ব্রহ্মবান্ধব লেখেন— "...আমরা "সন্ধ্যা" নামে যে এক দৈনিক পত্রিকা প্রকাশ করিবার মানস করিয়াছি, তাহার উদ্দেশ্য আর কিছুই নহে—কেবল এই একমাত্র উপায় ভাল করিয়া বুঝান। রাজা ম্লেচ্ছ। উপজীবিকার জন্য মান সম্ভ্রমের জন্য ম্লেচ্ছ ভাষা, ম্লেচ্ছ বিদ্যা শিখিতে হইবে। ম্লেচ্ছ হাবভাব ধরিতে হইবে। নইলে উপায় নাই। ·যাহা শুন—যাহা শিখ—যাহা কর—হিন্দু থাকিও, বাঙ্গালী থাকিও।" আমবা যে কাবও অপেক্ষা ছোট নই। এটাই ছিল "সন্ধ্যা"-ব প্রচারমন্ত্র। (কালীচরণ ঘোষের জাগরণ ও বিস্ফোরণ ১ম খণ্ড এবং দেবজ্যোতি বর্মণের বাঙ্গলার রাষ্ট্রীয় সাধনা দ্রষ্টব্য) —অনুবাদক।

১৯০৬ সালের ৩রা মার্চ যুগান্তর পত্রিকার প্রথম প্রকাশ। প্রকাশের সঙ্গে সঙ্গে শাসক গোষ্ঠীর মনে ত্রাসের সৃষ্টি করে। যুগান্তর দৃপ্তকণ্ঠে ঘোষণা করে— "ভারতবাসীর একটা নিরঙ্কুশ স্বদেশ চাই।" যুগান্তর দেশবাসীকে উদ্দেশ্য করে বলে—"কোষমুক্ত তরবারি অত্যাচারীর হাতে শক্তিহীন, কিন্তু তারাই আবার ন্যায্য অধিকার বা ধর্মরক্ষায় দুর্দম দুর্বার অপরিমিত শক্তির আধার।" আবার বলে—"অর্থের প্রয়োজন? এসে যাবে: লুঠ ও ট্যাক্স আদায় করে অভাব মেটাতে পারা যাবে।" (জাগরণ ও বিস্ফোরণ, ১ম খণ্ড, পৃঃ ১৭৫)—অনুবাদক।

"বন্দেমাতরম্" দৈনিক পত্রিকা প্রথম প্রকাশিত হয় ৬ই অগাষ্ট ১৯০৬ সালে। অরবিন্দ পত্রিকাব প্রকাশ সম্পর্কে লেখেন—"বিপিন পাল সামান্য পুঁজি নিয়ে 'বন্দেমাতরম্' আরম্ভ করলেন এবং আমায় তার সঙ্গে যোগ দিতে ডাকলেন, আমি তৎক্ষণাৎ রাজী হয়ে গেলাম...বিপ্লবের জন্য যে প্রচার কার্যের প্রয়োজন তার সুবিধা হ'ল।" (জাগরণ ও বিস্ফোরণ, ১ম খণ্ড, পৃঃ ১৮৬) অরবিন্দ, বিপিন পাল, শ্যামসুন্দর চক্রবর্তী, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ এই পত্রিকায় লিখতেন। যুগান্তরে লিখতেন ডঃ ভূপেন্দ্রনাথ দত্ত, বারীন্দ্রকুমার ঘোষ, দেউস্কর প্রভৃতি।

আইন শৃঙ্খলার অর্থ কি? বন্দেমাতরম্ এর ভাষায়—"The Britishers' word is law, his presence and existence in the land a signal for the suppression and suspension of many patriotic activities. Reconciliation with foreign despotism is perfect order. --It is the height of impertinence to be begging and asking. To wish for

our eternal serfdom is prudence and peacefulness···To imagine ourselves a nation is madness. To love our country is superstition. To work for its emancipation is treason. To harbour any such sentiment is sedition." (5 June, 1907) জাগরণ ও বিস্ফোরণ, ১ম খণ্ড, পৃঃ ১৯০ —অনুবাদক।

১১। ২৯-এ অগাস্ট ১৯৩০ সালে বাংলার ইণ্টেলিজেন্স ব্রাঞ্চের ইন্সপেক্টর জেনারেল মিঃ লোম্যান ঢাকার মিটফোর্ড হাসপাতালে সকাল ৯টায় এলেন অসুস্থ জন পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্টকে দেখতে। সঙ্গে ঢাকার পুলিশ সুপার হড্‌সন। রোগী দেখে তাঁরা বারান্দায় আলাপ করছিলেন। বিনয় বসু সোজা বারান্দায় গিয়ে গুলী বিদ্ধ করলেন লোম্যান ও হড্‌সনকে। লোম্যান নিহত হন। (বাঙলার বিপ্লব সাধনা-পুলকেশ দে সরকার। পৃঃ ১৪১-১৪২) —অনুবাদক।

১২। বিপ্লবী গণেশ ঘোষ লেখেন—"তৃতীয় দশকেই প্রয়াত বিপ্লবী নেতা ডাঃ নারায়ণ রায় প্রমুখের প্রচেষ্টায় বোমার খোলেরও প্রভূত উন্নতি হয়। পূর্বের লোহার খোলের বদলে লোহার সাথে অ্যালুমিনিয়ম মিশিয়ে খোল তৈরি করা সম্ভব হয়েছিল। পূর্বের বোমা অপেক্ষা এইগুলি আয়তনে হয়ত অতি সামান্য ছোট ছিল কিন্তু এই ধরনের বোমাগুলি ছিল ওজনে পূর্বের বোমাগুলির চেয়ে অনেক হালকা···"ডাঃ নারায়ণ রায় প্রমুখের প্রচেষ্টায় এই সময় 'T. N. T.' (Tri Nitro Toluene) বিস্ফোরক প্রস্তুত করা সম্ভব হয় এবং ব্যবহৃত হ'তে থাকে। এই বিস্ফোরক পদার্থ পূর্বে ব্যবহৃত বিস্ফোরক অপেক্ষা অনেক বেশী শক্তিশালী ছিল।" (অগ্নিযুগের আগ্নেয়াস্ত্র—অমলেন্দু বাগচী. পৃঃ ১৬)

নানা সূত্র থেকে জানা যায় যে বোমা তৈরির ব্যাপারে আচার্য প্রফুল্লচন্দ্র রায়, বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসু, অধ্যাপক ল্যাডলি মোহন মিত্র এবং রসায়ন শাস্ত্রের মেধাবী ছাত্র রসিকলাল দত্ত বিপ্লবীদের সাহায্য করতেন।

১৩। ১৯০২ সালের ২৪শে মার্চ (দোল পূর্ণিমার তিথি) অনুশীলন সমিতির প্রতিষ্ঠা হয়। ব্যারিষ্টার প্রমথনাথ মিত্র হলেন সভাপতি আর তাঁর সহকর্মী ও সমিতির প্রাণ স্বরূপ ছিলেন ভগিনী নিবেদিতা ও সতীশচন্দ্র বসু। উত্তরকালে পুলিনচন্দ্র দাস এই সমিতি পরিচালনা করেন। সুরেন্দ্রনাথ, বিপিনচন্দ্র, চিত্তরঞ্জন, প্রমুখ বহু বিখ্যাত ব্যক্তি এই সমিতির সঙ্গে যুক্ত ছিলেন।

সদস্যদের মধ্যে মতান্তরের ফলে যুগান্তর দল-এর সৃষ্টি হয়। কালীচরণ

ঘোষ তাঁর জাগরণ ও বিস্ফোরণ বই-তে লেখেন—"যুগান্তর দল (পুলিশের খাতায় 'পার্টি') নিতান্ত স্বতন্ত্রভাবে উদ্ভূত হয়নি। যখন অবস্থা গুরুতর আকার ধারণ করেছে, তখন কেন্দ্রীয় বৈপ্লবিক সংস্থায় ছিলেন সভাপতি পি. মিত্র, সহ-সভাপতি অরবিন্দ ঘোষ ও চিত্তরঞ্জন দাশ। কোষাধ্যক্ষ সুরেন্দ্রনাথ ঠাকুর।" (পৃঃ ১১১, ১ম খণ্ড) —অনুবাদক।

১৪। ১৯০৭ সালের ৬ই ডিসেম্বর মেদিনীপুর জেলার নারায়ণগড় রেলষ্টেশনে রেল লাইনে মাইন পাতা হয় ছোটলাট স্যার এণ্ড ফেজার-এর (Sir Andrew Frafer) ট্রেন ধ্বংসের জন্য। ট্রেনটি লাইনচ্যুত হয় কিন্তু লাটসাহেব প্রাণে বাঁচলেন। উল্লাসকর দত্ত এই মাইন তৈরী করেন গোয়াবাগানের এক বাড়ীতে।

১৫। মেদিনীপুবের ক্ষুদিরাম বসু ও রংপুরের দীনেশচন্দ্র রায় (ওরফে প্রফুল্ল চাকী) ১৯০৮ সালের এপ্রিলের ১৭-১৮ তারিখ নাগাদ মজঃফরপুর পৌঁছান। কিংস্‌ফোর্ড তাঁর কোয়ার্টারের কাছে ক্লাবে তাস খেলতে যেতেন। ১৯০৮ সালের ৩০-এ এপ্রিল স্থানীয় প্রখ্যাত উকিল কেনেডির স্ত্রী ও কন্যা রাত ৮-৩০টা নাগাদ কিংসফোর্ড-এর ঘোড়ার গাড়ীর মত দেখতে একটা 'ভিক্টোরিয়া' চড়ে ঐ ক্লাব থেকে বাড়ী ফিরছিলেন। কেনেডীর গাড়ী কিংসফোর্ড-এর ফটকের সামনে আসতেই ক্ষুদিরাম বোমা ছোঁড়েন। কেনেডির স্ত্রী ও কন্যা মারা যান। ক্ষুদিরাম বসু ওয়াইনী ষ্টেশনের কাছে এক দোকানে মুড়ি কিনে খাওয়ার সময় ধরা পড়েন এবং বিচারে তাঁর ফাঁসী হয়।

সাব-ইন্সপেক্টর নন্দলাল বন্দ্যোপাধ্যায় মোকামা ষ্টেশন প্লাটফর্মে প্রফুল্ল চাকীকে গ্রেপ্তারের চেষ্টা করলে তিনি নিজের পিস্তলের গুলীর সাহায্যে আত্মহত্যা করেন।

১৬। মজঃফরপুরের বোমা বিস্ফোরণের ঘটনার পর পুলিশ নানা জায়গায়-খানা তল্লাসী চালায় এবং ১৯০৮ সালের ২রা মে মুরারিপুকুর বাগান বাড়ী, ১৩৪ নং হ্যারিসন রোড, ২৩ নং স্কট্‌স লেন, ৪৮ নং গ্রে ষ্ট্রীট, ৩৮/২ নং রাজা নবকৃষ্ণ ষ্ট্রীট, ১৫ নং গোপীমোহন দত্ত লেন—একদিনে একই সময়ে খানা-তল্লাসী হয় এবং বোমার মামলার সঙ্গে জড়িত সন্দেহে অনেককে গ্রেপ্তার করা হয়। কলকাতা পুলিশ ম্যাজিষ্ট্রেটের কাছে এবং ২৪-পরগণা জেলা ম্যাজিষ্ট্রেট বার্লি-র (Leonard Birley) কাছে আসামীদের হাজির করা হয়।

দায়রা জজ সি. পি. বীচক্রফ্‌ট্ (Charles Porten Beachroft) ১৯-এ অক্টোবর শুনানি আরম্ভ করেন এবং দায়রার রায় ঘোষিত হয় ৬-ই মে ১৯০৯ সালে। অরবিন্দ সহ সতেরজন মুক্তি পান। দু'জনের ফাঁসী, দশ জনের যাবজ্জীবন দ্বীপান্তর, তিন জনের দশ বছর দ্বীপান্তর হুকুম হয়। (এদের সকলের সম্পত্তি বাজেয়াপ্ত হয়)। তিন জনের সাত বছর ও এক জনের এক বছর সশ্রম কারাদণ্ড হয়।

বারীন ও উল্লাসকরের আপীল ১৯০৯ ১৩ই মে ও অন্যান্যদের ১৭ই মে হাইকোর্টে দাখিল করা হয়। ৯ই অগাষ্ট সাওয়াল আরম্ভ হয় এবং ২৩শে নভেম্বর রায় ঘোষিত হয়। বারীন ও উল্লাসকরের ফাঁসি রদ হয়। চারজনের যাবজ্জীবন দ্বীপান্তর, তিনজনের দশ বছরের দ্বীপান্তর, তিন জনের সাত বছরের দ্বীপান্তর এবং দু'জনের পাঁচ বছরের জন্য সশ্রম কারাদণ্ড হয়। জজ জেন্‌কিন্স্ (Mr. Jenkins) ও কার্ণ্‌ডাফ (Mr Carnduff) রায় দেন। (জাগরণ ও বিস্ফোরণ পৃঃ ৩০০—৩০১ এবং বাংলার বিপ্লব সাধনা পৃঃ ৩১ দ্রষ্টব্য)

—অনুবাদক।

১৭। শ্রীরামপুরের নরেন্দ্রনাথ গোস্বামী ১৯০৮ সালের ২৯শে মে পুলিশের কাছে গোপনে জবানবন্দী দেয়। ২৩শে জুন তার বিরুদ্ধে মামলা প্রত্যাহারের সিদ্ধান্ত জানানো হয়। নরেন ৩১শে অগাষ্ট ১৯০৮ সালে জেল হাসপাতালে মেদিনীপুরের সত্যেন্দ্রনাথ বসু এবং চন্দননগরের কানাইলাল দত্তের গুলীতে নিহত হয়। ৩রা সেপ্টেম্বর তাঁদের দায়রা সোপার্দ করা হয় এবং ২১শে অক্টোবর হাইকোর্ট তাঁদের মৃত্যুদণ্ড দেন। ১০ই নভেম্বর কানাই দত্তের এবং ২১শে নভেম্বর সতোন বসুর ফাঁসি হয়।

১৮। সাব-ইন্সপেক্টর নন্দলাল বন্দ্যোপাধ্যায় ১৯০৮ সালের ৯ই নভেম্বর সার্পেনটাইন লেনে আততায়ীর গুলীতে নিহত হন।

১৯। সরকারী উকিল আশুতোষ বিশ্বাস ১০ই ফেব্রুয়ারী ১৯০৯ সালে আলিপুর কোর্ট প্রাঙ্গণে চারুচন্দ্র বসুর গুলীতে নিহত হন। ১৯শে মার্চ তাঁর ফাঁসি হয়।

২০। মানিকতলা বাগানবাড়ী মামলা হাইকোর্টে চলার সময় সামসুল আলম, সরকারী তদ্বিরকার, ২৪শে জানুয়ারী ১৯১০ সালে হাইকোর্টের সিঁড়ি দিয়ে নামার সময় বীরেন্দ্র চন্দ্র দত্তগুপ্ত-র গুলীতে নিহত হন। ২১শে ফেব্রুয়ারী বীরেন দত্তগুপ্ত-র ফাঁসি হয়।

২১। সিডিশন কমিটি নামে কুখ্যাত। কমিটির চেয়ারম্যান ছিলেন S. A. T. Rowlatt। —অনুবাদক।

২২। বাংলার গভর্ণর ছিলেন। ৬ই ফেব্রুয়ারী ১৯৩২ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে বক্তৃতা দেওয়ার সময় আক্রান্ত হন। আততায়ী বীণা দাসের ন'বছর কারাদণ্ড হয়।

২৩। ১৯১৯ সালের ১৩ই এপ্রিল অমৃতসরের জালিয়ানওয়ালাবাগে হাজার হাজার নিরস্ত্র জনতার ওপর গুলী চালান হয়। অন্ততঃ শ-পাঁচেক লোক ঘটনাস্থলে নিহত হয়। অমৃতসর, লাহোর, গুজরানওয়ালা জেলার ওপর সামরিক আইন (Martial Law) জারী হয়। এই অমানুষিক হত্যাকাণ্ডের প্রতিবাদে ২৭শে মে রবীন্দ্রনাথ "স্যার" উপাধি বর্জন করেন।

২৪। ১৯২৪ সালের ১২ই জানুয়ারী গোপীমোহন সাহা পুলিশ কমিশনার টেগার্ট সাহেব ভেবে ভুল করে মিঃ ডে-কে চৌরঙ্গীর ওপর গুলী করে হত্যা করেন। ১লা মার্চ ১৯২৪ সালে তাঁর ফাঁসি হয়। ১৬ই ফেব্রুয়ারী রায় ঘোষণার আগে তিনি বলেন—"আমার দেহের প্রতি রক্ত বিন্দু ভারতের প্রতি গৃহে স্বাধীনতার বীজ রোপণ করবে। যতদিন ভারতবর্ষে জালিয়ানওয়ালাবাগ ও চাঁদপুরের মত অত্যাচার চলবে, এ অবস্থার বিরাম হবে না।"··· —অনুবাদক।

২৫। ১৭শে জুলাই ১৯৩১ সালে আলিপুরের জেলা ও সেসন জজের আদালতে মিঃ গার্লিককে গুলী করে হত্যা করা হয়। যুবকটি পুলিশ সার্জেণ্ট-এর গুলীতে নিহত হন। —অনুবাদক।

২৬। ষ্টেট্সম্যান পত্রিকার সম্পাদক ওয়াটসন (Alfred Watson) সরকারকে কঠোরতম পন্থা গ্রহণের জন্য অবিরত প্ররোচিত করে চলেন। ৫ই অগাষ্ট ১৯৩২ সালে তাঁর অফিসের সামনে তাঁকে লক্ষ্য করে গুলী করা হয় কিন্তু লক্ষ্য ভ্রষ্ট হয়।

আবার ২৮শে সেপ্টেম্বর ১৯৩২ সালে ক্লাইভ রোডের মোড়ে তাঁকে হত্যা করার চেষ্টা হয় কিন্তু সে যাত্রায়ও তিনি বেঁচে যান। প্রধান আসামী হিসেবে সুনীল চন্দ্র চট্টোপাধ্যায় এবং আরও কয়েকজনকে গ্রেপ্তার করা হয়। বিচারে সুনীল চন্দ্র চট্টোপাধ্যায়ের যাবজ্জীবন কারাদণ্ড হয় ১৭ই নভেম্বর ১৯৩২ সালে।

—অনুবাদক।

২৭। শান্তি ঘোষ ও সুনীতি চৌধুরী কুমিল্লার ম্যাজিষ্ট্রেট C. G. B.

Stevensকে ১৪ই ডিসেম্বর ১৯৩১ সালে তাঁর নিজের কোয়াটার্সে কর্মরত অবস্থায় গুলী করে হত্যা করেন। তাঁদের গ্রেপ্তার করা হয় এবং কলকাতা হাইকোর্টে ১৮ই জানুয়ারী ১৯৩২ সালে হাজির করা হয়। ২৭শে জানুয়ারী তাঁদের যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়। —অনুবাদক।

২৮। আততায়ী বীণা দাস ডায়োশিসান কলেজ থেকে বি. এ. পাশ করেন এবং কনভোকেশনে যোগ দেওয়ার সুযোগ লাভ করেন। —অনুবাদক।

২৯। পাহাড়তলী ইনষ্টিটিউটের ওপর আক্রমণ সংঘটিত হয় ২৪শে সেপ্টেম্বর ১৯৩২ সালে। প্রী.তিলতা ওয়াদ্দেদার এই আক্রমণে সক্রিয় অংশ গ্রহণ করেন এবং তিনি পটাসিয়াম সায়ানাইড খেয়ে আত্মহত্যা করেন। —অনুবাদক।

৩০। ৮ই এপ্রিল ১৯২৯ সালে কেন্দ্রীয় আইনসভায় অধিবেশন (চলা কালে) সভাকক্ষে বোমা নিক্ষেপ করেন সর্দার ভগৎ সিং ও বটুকেশ্বর দত্ত। উদ্দেশ্য সরকারী কাজে বাধা দান করা কারণ বিদেশী সরকার দেশের ক্ষতিসাধন করছে অথচ জগৎকে দেখানো হচ্ছে যে তাদের শাসন ব্যবস্থা পরিচালনা করেন জনপ্রতিনিধিরা। দু'জন যুবকই গ্রেপ্তার হন। বিস্ফোরক আইন ভঙ্গ ও হত্যার প্রচেষ্টা এই দুই অভিযোগ আনা হয় এবং বিচারে তাঁদের যাবজ্জীবন দ্বীপান্তর দেওয়া হয় ১০ই জুন ১৯২৯ সালে। মামলার শেষ এখানেই নয়। লাহোরের সহকারী পুলিশ সুপার স্যাণ্ডার্স ১৭ই ডিসেম্বর ১৯২৮ সালে নিহত হন। দিল্লী ও তার আশেপাশের ঘটনা নিয়ে লাহোর ষড়যন্ত্র মামলা আরম্ভ হয় ৭ই জুলাই ১৯২৯ সালে। ৭ই অক্টোবর ১৯৩০ সালে রায় ঘোষিত হয় যার ফলে ভগৎ সিং, শিবরাম রাজগুরু ও শুকদেবের ফাঁসির হুকুম হয়। উল্লেখ্য যতীন দাস এই মামলার একজন আসামী ছিলেন। আসামীদের ওপর বীভৎস অত্যাচারের প্রতিবাদে কয়েকজন রাজবন্দী অনশন শুরু করেন। এই অনশনের ফলে যতীন দাসের মৃত্যু হয় ১১ই সেপ্টেম্বর ১৯২৯ সালে। —অনুবাদক।

৩১। রাসবিহারী বসু, যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় এবং তাঁদের বিশ্বস্ত অনুচরেরা উত্তর-ভারতে ব্যাপক ষড়যন্ত্র ও বিপ্লবী তৎপরতা সৃষ্টির মূলে ছিলেন। —অনুবাদক।

৩২। ২৩শে ডিসেম্বর ১৯১২ সালে এই বোমা নিক্ষিপ্ত হয় যখন বড়লাটের মিছিল রাজধানীর পথ দিয়ে এগিয়ে চলেছিল। এই বোমাটি ফেলেছিলেন বসন্তকুমার বিশ্বাস যদিও রাসবিহারী বোস ছিলেন এর উদ্যোগী। —অনুবাদক।

৩৩। শচীন্দ্রনাথ সান্যাল ছিলেন বেনারসে র‍্যাসবিহারী বসুর প্রধান অনুচর। তিনি বেনারসে এই উদ্দেশ্যে ছিলেন যে যে-দিন লাহোরে বিপ্লবের আগুন জ্বলবে সেই-দিনই বেনারসে বিপ্লব শুরু করবেন। তাঁর পরিচালনায় বেনারসের সপ্তম রাজপুত এবং দানাপুরের উননব্বই পাঞ্জাব রেজিমেণ্টের সৈন্যদের মধ্যে বিদ্রোহের আগুন জ্বালিয়ে দেওয়ার চেষ্টা হয়েছিল কিন্তু সে প্রচেষ্টা বিশেষ সফল হয়নি যদিও কয়েক জনের সহানুভূতি তাঁরা লাভ করেছিলেন। বেনারসের বিপ্লবীদের জানানো হয় নি যে লাহোরে বিদ্রোহ শুরু করার দিন ১৯১৫ সালের ২১শে ফেব্রুয়ারী থেকে ১৯শে ফেব্রুয়ারী পরিবর্তন করা হয়েছে। এই তারিখ পরিবর্তন করা হয় কারণ বিপ্লবীদের সন্দেহ হয় যে তাঁদের পরিকল্পনা জানাজানি হয়ে গেছে। শোনা যায় যে ২১শে ফেব্রুয়ারী সন্ধ্যায় শচীন সান্যাল এবং তাঁর কয়েকজন বন্ধু সৈন্যদের কুচকাওয়াজের জন্য নির্দিষ্ট ময়দানে বৃথা অপেক্ষা করেছিলেন এই আশায় যে বিদ্রোহ শুরু হবে। ১৯শে ফেব্রুয়ারী সন্ধ্যা ৭টায় লাহোর ষড়যন্ত্র ফাঁস হয়ে যায়। বেনারস ষড়যন্ত্রের পরিকল্পনা আবিষ্কার হওয়ার ফলে বেনারস ষড়যন্ত্র মামলা বিশেষ আদালতে ৫ই নভেম্বর ১৯১৫ সালে আরম্ভ হয় এবং শেষ হয় ১৪ই ফেব্রুয়ারী ১৯১৬ সালে। ২৪ জন অভিযুক্ত হয় এবং মামলা শুরু হওয়ার সময় ৮ জন পলাতক থাকে এবং একজনকে ছেড়ে দেওয়া হয়। শচীন্দ্রনাথ সান্যালের যাবজ্জীবন কারাদণ্ড হয়। ২ জনের সাত বছর, চারজনের পাঁচ বছর, তিনজনের তিন বছর, একজনের ২ বছর জেল হয় এবং ৪ জনকে ছেড়ে দেওয়া হয়।

বাংলা পরিশিষ্ট

প্রীতিলতার নিজের হাতে লেখা ইংরেজী বিবৃতিটির বাংলা অনুবাদ—

"বিপ্লব দীর্ঘজীবী হোক!"

"আমি গভীর নিষ্ঠার সঙ্গে ঘোষণা করছি, আমি ভারতীয় গণতান্ত্রিক সেনাবাহিনীর চট্টগ্রাম শাখার একজন সৈনিক, এই বাহিনীর উচ্চ আদর্শ আমাদের মাতৃভূমিকে সাম্রাজ্যবাদী বৃটিশ শাসকের অত্যাচার ও শোষণ থেকে মুক্ত করে ভারতে যুক্তরাষ্ট্রীয় গণতন্ত্র স্থাপন করা। চট্টগ্রাম শাখার অত্যাশ্চর্য সাফল্য বাংলা দেশের, শুধু বাংলা দেশের নয়, সমস্ত ভারতবর্ষের বিপ্লবীদের নতুন উৎসাহ, উদ্দীপনা ও কল্পনা-শক্তিকে জাগিয়ে তুলেছে। ১৯৩০ সালের এপ্রিলের অবিস্মরণীয় ঘটনা, পবিত্র জালালাবাদ পাহাড়ের সাফল্যমণ্ডিত সংগ্রাম এবং পরবর্তী সমীরপুর, ফেণী, চন্দননগর, চাঁদপুর, ঢাকা, কুমিল্লা এবং ধলঘাটের খণ্ডযুদ্ধ সবই তাদের প্রেরণা দিয়েছে। এইরূপ এক গৌরবোজ্জ্বল সংস্থার সভ্য হবার উপযুক্ত বলে বিবেচিত হয়ে আমি গর্ববোধ করছি।

"আমরা স্বাধীনতার জন্য যুদ্ধ করছি। আজকের সংঘর্ষও সেই ধারাবাহিক সংগ্রামের একটি অংশ। ইংরেজ আমাদের স্বাধীনতা হরণ করে নিয়েছে, লক্ষ লক্ষ ভারতীয় নরনারীর জীবন ধ্বংস করেছে, বহু বছর ধরে আমাদের রক্ত শোষণ করেছে। এইভাবে নৈতিক, রাজনৈতিক, অর্থনৈতিক এবং দৈহিক দিক থেকে আমাদের সম্পূর্ণ ধ্বংস হয়ে যাওয়ার তারাই একমাত্র কারণ; কাজেই তারা আমাদের সবচেয়ে বড় শত্রু এবং আমাদের স্বাধীনতা অর্জনের পথে সবচেয়ে বড় বাধা। এইজন্য আমরা আজ ইংরেজের বিরুদ্ধে অস্ত্র ধারণ করতে

বাধ্য হয়েছি, সে ইংরেজ সরকারী কর্মচারী বা সাধারণ লোক যেই হোক না কেন। যদিও কোন মানুষের প্রাণ হরণ করা একেবারেই আনন্দের কাজ নয়, তবু স্বাধীনতা-সংগ্রামে যে-কোন উপায়ে পথের সমস্ত বাধা অপসারণের জন্য সর্বদা প্রস্তুত থাকতে হবে।

"আমাদের মহান নেতা মাষ্টারদা যখন আজকের সশস্ত্র অভিযানে অংশ গ্রহণ করবার জন্য আমাকে আহ্বান জানা'লেন, আমি তখন আমার এতদিনের আকাঙ্খা পূর্ণ হতে চলেছে দেখে নিজেকে ভাগ্যবতী বলে মনে করলাম এবং আমার দায়িত্ব সম্বন্ধে সম্পূর্ণ অবহিত হয়ে এ ভার গ্রহণ করলাম। কিন্তু সেই মহান নেতা যখন আমাকে এই আক্রমণ পরিচালনার দায়িত্ব নিতে বললেন তখন আমি আমার নিজের শক্তিতে সন্দেহ প্রকাশ করে বললাম, এত অভিজ্ঞ ও শক্তিমান দাদারা থাকতে আমার মত একটি বোনকে কেন এ দায়িত্ব দিতে চাইছেন? মাষ্টারদা তাঁর অপূর্ব যুক্তির সাহায্যে শীঘ্রই আমার সন্দেহ ভঞ্জন করলেন এবং আমি আমার নেতার আদেশ মাথা পেতে নিলাম। যে সর্বশক্তিমান ঈশ্বরকে আমি ছোটবেলা থেকে পুজো করে এসেছি আজ এই গুরুদায়িত্ব পালনের জন্য তাঁর কাছে সাহায্য প্রার্থনা করলাম।

"আমার দেশবাসীর কাছে বোধহয় আমার কাজের একটা কৈফিয়ৎ দেওয়া প্রয়োজন। দুঃখের বিষয় আজও আমাদের দেশে এমন অনেক লোক আছেন যাঁরা ভারতীয় ঐতিহ্যে লালিত-পালিত একটি মেয়ে নৃশংসভাবে নরহত্যা করেছে শুনলে চমকে উঠবেন। আমি আশ্চর্য হয়ে যাই এই ভেবে যে, ভারতের স্বাধীনতা সংগ্রামে নারীপুরুষে ভেদাভেদ কেন থাকবে। চিরস্মরণীয় রাজপুত রমণীরা তো বীরত্বের সঙ্গে যুদ্ধক্ষেত্রে সংগ্রাম করেছেন এবং দেশের শত্রুদের বধ করতে একটুও দ্বিধা করেননি। এই সমস্ত মহীয়সী নারীদের প্রশস্তিতে ইতিহাসের পাতা পূর্ণ হয়ে আছে। তবে আমরা, আজকের যুগের মেয়েরা বিদেশী শাসন থেকে আমাদের দেশকে মুক্ত করার

মহৎ কাজ থেকে বঞ্চিত হব কেন? সত্যাগ্রহ আন্দোলনে যদি ভাই-বোনেরা পাশাপাশি দাঁড়াতে পারে, তবে বিপ্লবী আন্দোলনেই বা পারবে না কেন? এর কারণ কি এই যে, ছুটো আন্দোলনের ধারা আলাদা, না মেয়েরা বিপ্লবী আন্দোলনের উপযুক্ত নয়? আন্দোলনের ধারা হিসাবে অর্থাৎ সশস্ত্র সংগ্রাম বলে এ একটা নতুন কিছু নয়। বহু দেশেই এই সংগ্রাম সাফল্যলাভ করেছে। তবে কেন একমাত্র ভারতেই একে নিন্দা বলে মনে করা হবে? সামর্থ্যের কথা যদি ধরা হয় তবে স্বাধীনতা সংগ্রামে পুরুষের চেয়ে নারীরা কম সক্ষম একথা মনে করা কি অন্যায় নয়? এই ভুল ধারণা দূর করবার সময় আজ এসেছে। মেয়েরা যে এখনও পিছিয়ে আছে তার কারণ—তাদের পেছনে ফেলে রাখা হয়েছে।

"নারীরা এখন প্রতিজ্ঞাবদ্ধ যে তারা আর পিছিয়ে থাকবে না এবং সংগ্রাম যতই কঠিন ও বিপদসঙ্কুল হোক না কেন ভায়েদের পাশাপাশি দাঁড়িয়ে তারাও সক্রিয় অংশ গ্রহণ করবে। আমি আন্তরিকভাবে আশাকরি আমার বোনেরা আর নিজেদের দুর্বল ভাববেন না, এবং ভারতের বিপ্লবী সংগ্রামে হাজারে হাজারে যোগদান করে সমস্ত রকম বাধা এবং বিঘ্নের সম্মুখীন হবার জন্য প্রস্তুত হবেন।

"এখন আমি কেমন করে বিপ্লবী সংগঠনের সংস্পর্শে এলাম তার একটি সংক্ষিপ্ত বিবরণ দেবো।

"ডাঃ খাস্তগীর হাইস্কুলে ম্যাট্রিকুলেশন ক্লাসে পড়ার সময় আমি চট্টগ্রামের বিপ্লবী সংগঠনের কথা জানতে পারি এবং শুনতে পাই যে বিপ্লবী সংগঠনে নেতৃত্ব দেবার উপযুক্ত সর্বগুণ-সম্পন্ন এবং অত্যন্ত শক্তিশালী একজন এই দলের নেতা। ঢাকায় দু'বছর ইণ্টার-মিডিয়েট পড়ার সময় আমি নিজেকে মাষ্টারদার উপযুক্ত সহকর্মী হিসেবে গড়ে তোলবার জন্য চেষ্টা করতে থাকি। অবশ্য লেখাপড়া আমি অবহেলা করিনি; ১৯৩০ সালে মেয়েদের মধ্যে প্রথম এবং সব মিলিয়ে পঞ্চম স্থান অধিকার করে আমি ইণ্টারমিডিয়েট পাশ করি।

"১৯৩০ সালের ২৯শে এপ্রিল আমি পরীক্ষা শেষ করে বাড়ী ফিরে আসি এবং চট্টগ্রাম বিপ্লবীদের (গতরাত্রের) গৌরবোজ্জ্বল কীর্তির কথা শুনতে পাই। এই মহান্ বীরদের প্রতি শ্রদ্ধায় আমার অন্তর ভরে ওঠে। কিন্তু এই বীরত্বপূর্ণ সংগ্রামে আমি কোন অংশ নিতে পারলাম না বলে, এবং যে মাষ্টারদার নাম শোনার পর থেকেই শ্রদ্ধা করে আসছি তাঁকে, একবার চোখের দেখাও দেখতে পেলাম না বলে আমার মনে খুব দুঃখ হ'ল। জালালাবাদের শহীদের জন্য আমার অন্তরে তীব্র বেদনা অনুভব করলাম। মনের এই অবস্থায় আমি বি. এ. পড়তে কলকাতায় চলে গেলাম। আমার স্বদেশের কথা তখন সর্বদাই আমার মনে জেগে থাকতো। যে সন্তানেরা স্বাধীনতা'র বেদীমূলে নিজেদের প্রাণ বিসর্জন দিয়েছে, সেই প্রিয় সন্তান বিচ্ছেদ বিধবা জননীদের শোকাশ্রু আমি যেন স্পষ্ট দেখতে পেতাম।

"মনের এইরকম অবস্থায় আমার এক দাদা আমাকে আলিপুর সেণ্ট্রাল জেলে রামকৃষ্ণের সঙ্গে দেখা করতে বললেন। রামকৃষ্ণ তখন একটি নির্জন সেলে নিজের দেশকে ভালবাসার জন্য চরম দণ্ডের অপেক্ষা করছেন। এই সাক্ষাৎকার আমাকে নতুন উদ্দীপনা এনে দিল। আমি রামকৃষ্ণদাদার মাসতুতো বোন হিসেবে যেতাম এবং প্রায় প্রতিদিনই আমি এই সপ্রতিভ আনন্দোচ্ছল তরুণ বীরের সঙ্গে সাক্ষাৎ করতাম। প্রাণ দণ্ডের আগে প্রায় চল্লিশ দিন আমি তাঁর সঙ্গে দেখা করেছি। তাঁর আত্মমর্যাদাপূর্ণভাব, সহজ কথাবার্তা, মৃত্যুর কাছে শান্ত আত্মসমর্পণ, অকপট ঈশ্বর-ভক্তি, শিশুসুলভ সরলতা, স্নেহপূর্ণ হৃদয়, গভীর জ্ঞান ও সুগভীর অনুভূতি আমাকে প্রবলভাবে প্রভাবিত করেছিল। রামকৃষ্ণদার প্রাণদণ্ডের পরে কোন একটি বাস্তব বৈপ্লবিক অভিযানে সক্রিয় অংশ গ্রহণ করবার জন্য আমি ব্যস্ত হয়ে উঠলাম। অবশ্য, আমাকে আমার বি. এ. পরীক্ষার জন্য আরও ন'মাস কলকাতায় থাকতে হ'ল। এর মধ্যে আমি কয়েকবার মাষ্টারদার সঙ্গে দেখা করবার চেষ্টা করে ব্যর্থ হই।

"১৯৩২ সালে আমার পরীক্ষার পর যে কোন উপায়ে মাষ্টারদার সঙ্গে দেখা করবার জন্য তাড়াতাড়ি বাড়ী ফিরে আসি। অল্প ক'দিনের মধ্যেই আমার দীর্ঘ দিনের আশা পূর্ণ হ'ল। চট্টগ্রামের বিপ্লবী দলের দুই বিখ্যাত নেতা মাষ্টারদা ও নির্মলদার সামনে আমি উপস্থিত হলাম।

"নির্মলদার সঙ্গে অল্প ক'দিনের সাক্ষাতেই আমি তার চরিত্রে সুদৃঢ় নীতিবোধ এবং গভীর ধর্মবোধের সমন্বয় লক্ষ্য করেছি। আমার সৌভাগ্য যে, আমি মহাত্মার সংস্পর্শে আসতে পেরেছিলাম। তাঁর দেশের লোক জানলো না কত বড় পবিত্র, কী অসাধারণ এক মানুষ নিঃশব্দে পৃথিবী ছেড়ে চলে গেলেন।

"নির্মলদার শোচনীয় মৃত্যু আমাকে তীব্র আঘাত হানলো এবং আমি আরও মরীয়া হয়ে উঠলাম। এই সময় আমার বি. এ. পরীক্ষার ফল বেরুলো এবং আমি ডিষ্টিংশনে পাশ করলাম। এর কিছুকাল পরেই আমি আমার প্রিয় পরিবার ও আত্মীয়স্বজনদের চিরদিনের জন্য ছেড়ে এসে সমস্ত মন প্রাণ দিয়ে বৈপ্লবিক কাজে আত্মনিয়োগ করলাম।

"শৈশব থেকেই সর্বশক্তিমান ঈশ্বরে অখণ্ড বিশ্বাস ও দৃঢ়তা আমার জীবনের সর্বশ্রেষ্ঠ সম্পদ। এই সম্পদ আমি সারাজীবন সযত্নে রক্ষা করেছি এবং আজ যখন আমি তাঁর চরণে আত্মসমর্পণ করতে চলেছি তখন এই সম্পদ যেন আরও সুখকর, মূল্যবান, আরও দীপ্তমান বলে মনে হচ্ছে। আমার বৈপ্লবিক আদর্শ যদি সর্বশক্তিমানের ভক্তির সঙ্গে সম্পূর্ণভাবে মিশে যেতে না পারতো তা'হলে বোধহয় আমি কখনই বিপ্লবী হতে পারতাম না।

"ঈশ্বরের প্রতি আবাহন জানিয়ে আমি আজকের দায়িত্ব পালন করতে চলেছি এবং প্রার্থনা করছি তিনি যেন আজ আমাকে মলিনতা মুক্ত করে তোলেন, যাতে আমি তাঁর চরণে স্থান পাবার উপযুক্ত হই।"

এই বিবৃতিটির বাংলা অনুবাদ অনন্ত সিংহ তাঁর 'মহানায়ক সূর্যসেন ও চট্টগ্রাম বিপ্লব' বইটিতে প্রকাশ করেন। পৃঃ ১৪০-১৪৪

মাননীয় বিচারপতিদের জাজমেণ্ট কপিতে এর উল্লেখ করে বলা হয়—

"On Prithilata's dead body was found a document Ex. 56, which, it is not disputed, is in her handwriting. In it she states that she was summoned by 'Masterda' to join in the raid, but that when asked to lead it. she felt diffident on account of her sex. But 'Masterda soon convinced me and I took my leader's command ;"

পাহাড়তলীর আক্রমণ যে মাষ্টারদার প্ররোচনায় সংঘটিত হয় তার উল্লেখ করে বিচারপতিগণ বলেন—The appellant's own version of his conncetion with the Pahartali outrage is to be found in Ex 189 which was found at Gairala, and has been satisfactorily proved to be in his handwriting. It is headed 'Bejoya', and it was clearly written on the Bejoya day at the end of September 1932. After referring to other revolutionaries, who have been killed or convicted, he writes of Prithilata as follows : 6 To day—I remember that emblem shed, pure and beautiful whom I immersed fifteen days ago, putting weapon in her one hand and nectar in the other. The remembrance of her is predominant to-day. I have not been able to forget her remembrance even for a moment during these fifteen days, whom I sent to the field of battle dressing her up with my own hands in battle attire whom I permitted to jump into the sure jaws of death. When I told her piteously after I had dressed her up that I had dressed her for the last time and dada would never in his life dress her again the idol smiled a little.'

"It is admitted that the reference is to Prithi—the 'nectar' can only mean the poison, and 'battle attire' the male dress she was wearing at the time of her death." (Ref. 10R file no. L/P & J/7/331)

* ("আজ আমার মনে পড়ছে সেই অশ্রুসিক্ত পবিত্র ও সুন্দর প্রতিমাকে যাকে আমি পনের দিন আগে বিসর্জন দিয়েছি তার এক হাতে অস্ত্র আর অন্য হাতে অমৃত দিয়ে। তার স্মৃতি আজ প্রাধান্য লাভ করেছে। আমি এই পনের দিন্ এক মুহূর্তের জন্য তার স্মৃতি ভুলতে পারি নি যাকে, আমি যুদ্ধ ক্ষেত্রে পাঠিয়ে ছিলাম নিজের হাতে রণসাজে সজ্জিত করে, যাকে আমি অনুমতি দিয়েছিলাম মৃত্যুর নিশ্চিত গহ্বরে ঝাঁপ দিতে। যখন আমি তাকে সাজিয়ে করুণভাবে বললাম আমি তাকে শেষ বারের মত সাজালাম এবং দাদা তার জীবনে আর কখনো তাকে সাজিয়ে দেবে না, প্রতিমা তখন একটু মুচকি হেসেছিল।"—ভাষান্তর)

'প্রিয় মিঃ লোম্যান,

আমি ২৮শে জুন ১৯৩০ সাল, আপনার সহিত সাক্ষাৎ করিব। আমি নিশ্চিতভাবে জানি আমাকে গ্রেফতার করিবার সেই সুযোগ আপনি হারাইবেন না। দয়া করিয়া ভুলেও মনে স্থান দিবেন না যে আমি আত্মসমর্পণ করিতে যাইতেছি। একজন নতি স্বীকার করে কখন? যখন আত্মরক্ষায় সম্পূর্ণ অপারগ হয় ও নিজেকে বাঁচাইবার আর কোন পথই থাকে না, একমাত্র তখনই মানুষ পরাজয় মানিয়া লইতে বাধ্য হয়।

"আমি কি এখন সত্যই অক্ষম ও অপারগ? না কখনই না। আত্মরক্ষার্থে আমার অস্ত্র আছে, প্রয়োজনে খরচ করিবার জন্য পর্যাপ্ত অর্থ আছে, বহু দরদী বন্ধু সাহায্য করিতে প্রস্তুত এবং বাংলাদেশে, এমন কি বাংলা ও ভারতের বাহিরেও, আমার গোপন নিরাপদ আস্তানার অভাব নাই। বর্তমানে আমি বন্ধুদের সহিত খুব নিরাপদেই আছি। এমত অবস্থায়ও আপনাকে আমি গ্রেফতারের সুযোগ দিতেছি—কেন? আপনি কি মনে করেন আমার অতীত কার্যকলাপের জন্য বিন্দুমাত্রও অনুতপ্ত? না, নিশ্চয়ই না—বিন্দু-মাত্রও অনুতপ্ত নহি। তবে কি আমার প্রতি ইহা কোন উচ্চ বিপ্লবী পরিষদের নির্দেশ? না, তাহাও নহে। এ আমার একান্ত ব্যক্তিগত কারণ—নিতান্তই নিজস্ব।

ইতি—

বিপ্লবী অনন্তলাল সিংহ।

২৫শে জুন ১৯৩০ সালে পুলিশের ইন্সপেক্টর জেনারেল মিঃ লোম্যানকে ইংরেজীতে লেখা যে চিঠিটি পাঠান তার অনুবাদ (অনন্ত সিংহ—চট্টগ্রাম যুব বিদ্রোহ—পৃঃ ১৬১-১৬২)।

অনন্ত সিংহের স্বেচ্ছায় গ্রেপ্তার বরণ বিপ্লবী মহলে ও জনসাধারণের মধ্যে বিশেষ চাঞ্চল্যের সৃষ্টি করে। তাঁর স্বেচ্ছায় ধরা দেওয়ার কারণ সম্বন্ধে মাষ্টারদা যে কর্মসূচীর উল্লেখ করেন তার সংক্ষিপ্ত রূপরেখা ছিল—সরকার

যেন “রাজসাক্ষী নিযুক্ত করতে অসমর্থ হয় ; জেল-প্রাচীরের অভ্যন্তরে অস্ত্র-শস্ত্র ও গোলা-বারুদ মজুত করতে হবে ; বাইরে ও জেলের মধ্যে ব্যাপকভাবে ডিনামাইট ব্যবহারের ব্যবস্থা করতে হবে…।” এ সম্পর্কে অনন্ত সিংহ লেখেন—“ ..বাস্তব ঘটনাবলী থেকে মাষ্টারদার কর্মসূচীর সত্যতা অস্বীকার করা যায় না। প্রকৃতপক্ষে আমার প্রত্যক্ষ চেষ্টাতেই কেউ রাজসাক্ষী হয় নি এবং স্বীকারোক্তিও সত্যিই প্রত্যাহার করেছে। কর্মসূচী অনুযায়ী জেলে ও বাইরে ব্যাপক ল্যাণ্ডমাইনের তাণ্ডব সৃষ্টির প্রস্তুতি জেলের ভিতর থেকেই যে আমরা সমাপ্ত করতে সক্ষম হয়েছিলাম তাও অভ্রান্ত সত্য।” কিন্তু ধরা দেওয়ার এটা মূল কারণ নয়। অনন্ত সিংহ স্পষ্টই বলেন—“এ আমার দুর্বলতা, কোন বৈপ্লবিক উদ্দেশ্য নয়, এ আমার নেহাতই ব্যক্তিগত কারণ।” তাঁর বন্ধুদের তিনি এক চিঠিতে লেখেন—“আমি অত্যন্ত ভাবপ্রবণ তা তোমরা সবাই জান। কি করবো—এতে আমার কোন হাত নেই। আমি তোমাদের কাছে কতই শ্রদ্ধা ভালোবাসা পেয়েছি—কারো বিরুদ্ধেই আমার কোন অভিযোগ নেই। তবু প্রতি মুহূর্তে আমার আহত মনের অভিমান আমাকে স্মরণ করিয়ে দিচ্ছে, আমি আমার ন্যায্য স্বীকৃতি হ'তে বঞ্চিত। আমার কোন দাবি নেই।” (চট্টগ্রাম যুব বিদ্রোহ—পৃঃ ১৪৭-১৪৮ ও ১৫৯)

স্যার চার্লস টেগার্টের প্রাণনাশের ব্যর্থ প্রচেষ্টার বিবরণ:

সকাল ১১টার সময় আমি আমার গাড়ীতে ডালহাউসি স্কোয়ার হ'য়ে আমার কর্মস্থল লালবাজারে যাচ্ছিলাম। আমার গাড়ীতে আমি এবং আমার গাড়ীর চালক ছাড়া কেউ ছিল না। গাড়ী রাস্তার বাঁ'দিকে ট্রাম লাইন থেকে ছ' ফিটের মধ্যে ছিল। আমার গাড়ী যখন মেসার্স হ্যারল্ড এ্যাণ্ড কোং-র সামনে দিয়ে যাচ্ছিল তখন গাড়ীর খুব কাছেই এক বিরাট বিস্ফোরণের আওয়াজ আমি শুনতে পাই। এটা বোমা বিস্ফোরণ বুঝতে পেরে আমার পায়ের কাছে রাখা রিভলবারটা তুলতে নিচু হই। যেমন নিচু হয়েছি ঠিক সেই সময় গাড়ীর নিকটে কিন্তু বাঁদিকে দ্বিতীয় বোমা বিস্ফোরিত হয়। ডালহাউসি স্কোয়ারের দিকের ফুটপাত থেকে বোমা দুটো ছোঁড়া হয়। আমি আমার চালককে গাড়ী ঘোরাতে বলি। সে তৎক্ষণাৎ গাড়ী ঘুরিয়ে যেখানে বোমাগুলো ফাটে তার প্রায় দশ গজের মধ্যে থামায়। যখন গাড়ী ঘোরে আমি দেখলাম লোকেরা ডালহাউসি স্কোয়ারের দক্ষিণ-পূর্ব দিক ধরে হেয়ার ষ্ট্রীটের দিকে দৌড়াচ্ছে। আমি গাড়ীতে নেমে তাদের পিছু নিলাম। রাস্তার ফুটপাতে প্রায় ৬০ গজ দূরে একজন বাঙালী যুবক রক্তাক্ত অবস্থায় পড়েছিল এবং ব্যাহতঃ মৃতপ্রায়। তার কাছে ছিল দুটি তাজা Mill-type বোমা, আপতদৃষ্টিতে Aluminium alloy-এর তৈরি, একটা Belgian make Six Chambered ·455 Service Calibre রিভলবারও। প্রত্যেকটি Chamber ভর্তি ছিল কিরকির সরকারী কারখানার সরকারী কার্তুজে।

ইতিমধ্যে আর একজন বাঙালী যুবক, যার ক্ষত থেকে রক্তক্ষরণ হচ্ছিল, যে অবস্থায় ধরা পড়ে তার বিবরণ নিচে দেওয়া হ'ল—

একজন কনষ্টেবল, যে মেসার্স রড্ডা এ্যাণ্ড কোং-র সামনে পাহারা দিচ্ছিল, দেখতে পায় একজন বাঙালী যুবক ওয়েলেসলী প্লেস ধরে

গভরমেণ্ট প্লেস নর্থ-এর দিকে দৌড়াচ্ছে। সে তাকে ধরতে চেষ্টা করে কিন্তু লোকটি রিভলবার বার করে এবং তার দিকে গুলি ছোঁড়ে। এই কনষ্টেবল, সেক্সন-'জি'-র শেখ মোকবুল, তার বাঁশী বাজায় এবং গভরমেণ্ট প্লেস নর্থের ট্যাক্সি ষ্ট্যাণ্ডে কর্তব্যরত ট্যাফিক কনষ্টেবল মহম্মদ রেজা খানের দৃষ্টি আকর্ষণ করে। মহম্মদ রেজা খান এই যুবকটিকে দৌড়তে দেখে এবং ধরে ফেলে, যদিও যুবকটি তাকে গুলি করতে চেষ্টা করে। যে ধরনের বোমা আগের লোকটির কাছে পাওয়া যায় সে-রকম বোমা তার কাছেও পাওয়া যায় এবং একটা ·320 bore Six Chambered Belgian make রিভলবার —প্রত্যেকটি চেম্বার ভর্তি ছিল কিন্তু একটা চেম্বার থেকে বোঝা যায় একটা গুলি চালানোর চেষ্টা ব্যর্থ হয়। তা'ছাড়া এই যুবকটির পকেটে চারটে অতিরিক্ত কার্তুজ পাওয়া যায়। যেহেতু সে আহত হয়েছিল তাকে হাসপাতালে পাঠানো হয়। পরে সে বলে তার নাম দীনেশচন্দ্র মজুমদার—বসিরহাট, ২৪ পরগণা এবং কলকাতার ৭নং রামমোহন রায় রোড নিবাসী পূর্ণচন্দ্র মজুমদার-এর ছেলে এবং ইউনিভার্সিটি কলেজের দ্বিতীয় বার্ষিক আইন বিভাগের ছাত্র।

আর একটি বিবরণে প্রকাশ, যা নিয়ে অনুসন্ধান চলছে, সেটা হ'ল কেন্দ্রীয় টেলিগ্রাফ অফিসের কর্মচারী মিঃ জেনিংস, যিনি বিস্ফোরণের সময় অফিস ছুটির পর যাচ্ছিলেন, লক্ষ্য করেন একজন বাঙালী যুবক টেলিগ্রাফ অফিসের পাশ দিয়ে ছুটে যাচ্ছে। তিনি তাকে ধরার চেষ্টা করেন কিন্তু যুবকটি রিভলবার বার করে এবং পালিয়ে যায়। এটা পরিষ্কার নয় যে এই ব্যক্তি সেই যুবক কিনা যে তার নাম দীনেশচন্দ্র মজুমদার বলে জানায়।

বোমা বিস্ফোরণ যেখানে ঘটে সেখানে ফিরে গিয়ে দেখি বোমার দুটো টুকরো আমার গাড়ীর বাঁ দিকের পেছনের দরজায় লাগে এবং দরজা ও ভেতরের আস্তর ভেদ করে। গাড়ীর পেছনের ডান দিকের চাকার টায়ারে বোমার একটা টুকরো ব'সে যায়। আর বোমার

একটা ছোট টুকরো আমার গাড়ীর চালকের কোট্ ও শার্ট ভেদ ক'রে বাঁ হাতের বাহুতে আঘাত ক'রে ক্ষতের সৃষ্টি করে। বোমার আর একটি অংশ তার পাগড়ীতে লাগে এবং ভেদ ক'রে বেরিয়ে যায়।

এরপর আমি রাস্তা পার হ'য়ে মেসার্স হ্যারল্ড এ্যাণ্ড কোং-র দোকানে গিয়ে দেখি জানলার কাঁচের প্লেট বোমার অংশগুলোর আঘাতে চূর্ণ-বিচূর্ণ এবং বোমা বিস্ফোরণের সময় মেসার্স হ্যারল্ড এ্যাণ্ড কোং-র দোকানের সামনে দাঁড়িয়ে থাকা দুটো বেসরকারী গাড়ীতেও নিক্ষিপ্ত বস্তুর আঘাত লাগে। বোমার একটি অংশ রাস্তার উপরে ২০ গজ দূরে মেসার্স টমাস কুক এ্যাণ্ড কোং-র অফিসের জানলার কাঁচের প্লেটে আঘাত করে। মেসার্স হ্যারল্ড এ্যাণ্ড কোং-র বাইরের ফুটপাতে আমি রক্ত পড়ে থাকতে দেখি এবং জানতে পারি যে তিনজন পথচারী বোমার টুকরোর আঘাতে আহত হয়—এদের দু'জন কুলী আর একজন ভারতীয় গাড়ী চালক। তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

ঘটনাস্থল পরীক্ষা করে মনে হয় একটা বোমা কাছেই পড়ে এবং ট্রাম লাইনের মাঝখানে। আর একটা বোমা গাড়ীর ওপর দিয়ে ছোঁড়া হয় এবং রাস্তার মাঝখানে পড়ে। মনে হয় যে বোমা কাছে পড়ে তার টুকরো নিক্ষেপকারীদের আঘাত ও আহত করে। যে লোকটি গুরুতরভাবে আহত হয় লালবাজার পৌঁছবার পরই তার মৃত্যু হয়। তিন নং অনুচ্ছেদে উল্লিখিত দীনেশ মজুমদারের বিবৃতি অনুযায়ী মৃত ব্যক্তি খুলনার অনুজা সেন। যদি এ কথা ঠিক হয়, সে হচ্ছে সন্ত্রাস দলের একজন বিখ্যাত সদস্য যার নাম খুলনা জেলার গ্রেপ্তারের তালিকায় রয়েছে। আরও তদন্ত চলছে। আমি মনে করি কনষ্টেবল শেখ মোকবুল ও মহম্মদ রেজা খান যথেষ্ট উপস্থিত বুদ্ধি ও সাহস দেখিয়েছে অপরাধী দীনেশ মজুমদারকে গ্রেপ্তার করার ব্যাপারে।*

* ঘটনাটি ঘটে ২৫শে অগাষ্ট ১৯৩০ সালে এবং সেইদিনই স্যার চার্লস টেগার্ট বাঙলা সরকারের মুখ্য সচিবকে যে চিঠি মারফৎ ঘটনার বিবরণ জানান সেই চিঠির ভাষান্তর। (Ref. 10R : L/P & J/6/2000)

বিনয়, বাদল ও দীনেশের রাইটার্স বিল্ডিং অভিযান সম্পর্কে বাঙলা সরকারের মুখ্য সচিবকে লেখা স্যার চার্লস টেগার্টের চিঠির ভাষান্তর।

মহাশয়,

…সরকারের জ্ঞাতার্থে জানাচ্ছি যে ৮ তাং প্রায় বেলা ১২-৩০টার সময় তিনজন বাঙালী, পরে যাদের বিনয়কৃষ্ণ বোস, দীনেশচন্দ্র গুপ্ত ও সুধীরচন্দ্র গুপ্ত বলে সনাক্ত করা হয়, রাইটার্স বিল্ডিংয়ে প্রবেশ করে এবং দোতলার দিকে যায়। তাদের প্রথম লক্ষ্য করেন মিঃ হডসন, সরকারী সলিসিটর। যিনি বলেন যে তিনি রাইটার্স বিল্ডিং-এ রাজস্ব সচিব, মিঃ ফিলপটের সঙ্গে দেখা করতে এসেছিলেন। তিনি তাদের কর্ণেল সিম্পসনের ঘরের বাইরে দাঁড়িয়ে থাকতে দেখেন এবং যখন তিনি পশ্চিমদিকে তাকিয়ে মিঃ ফিলপটের ডাকের অপেক্ষায় ছিলেন তিনি কর্ণেল সিম্পসনের ঘরের ভেতরে গুলির আওয়াজ শুনতে পান। তিনি দাঁড়িয়ে অপেক্ষা করার সময় চারদিক তাকিয়ে দেখছিলেন এবং একজন বাঙালীকে কর্ণেল সিম্পসনের ঘর থেকে ছুটে বেরিয়ে আসতে দেখেন এবং তার পেছনে সেই তিনজন যাদের তিনি দাঁড়িয়ে থাকতে দেখেন। তিনি দেখেন তাদের একজনের হাতে দীর্ঘ-নলা রিভলবার। স্বভাবতই মিঃ হডসন তখন একটু বিচলিত হয়ে পড়েন এবং অন্য দু'জনের হাতে কোন অস্ত্র ছিল কিনা তা তিনি লক্ষ্য করেন নি। কিন্তু বারান্দা ধ'রে যখন তারা পুবদিকে এগোয়, তিনি তিনজনকে কর্মচারীদের ঘর লক্ষ্য করে গুলি চালাতে দেখেন। তিনি কোন একজনকে আক্রমণকারীদের একজনের উদ্দেশ্যে চেয়ার ছুঁড়ে মারতে দেখেন। এরপর মিঃ হডসন আর তাদের দেখতে পাননি, কারণ তারা বারান্দা বরাবর আরও পুবদিকে চলে যায়। যে বাঙালীটি কর্ণেল সিম্পসনের ঘর থেকে ছুটে বেরিয়ে আসেন তিনি ইন্সপেক্টর জেনারেলের পার্সোনাল এসিষ্ট্যাণ্ট রায়সাহেব জে. সি. গুহ।

কর্ণেল সিম্পসনের ঘরের দরজায় কর্মরত চাপড়াসী ফাগু সিং বলে যে তিনজন লোক, ইউরোপীয় পোষাকে সজ্জিত, তার সামনে হাজির হয় এবং ইন্সপেক্টর জেনারল অব্ প্রিজন্স-এর সঙ্গে দেখা করতে চায়। চাপড়াসী তাদের একটি স্লিপ দেয় এবং তাদের নাম লিখে দিতে অনুরোধ করে। তারা স্লিপে কিছু লেখেনি কিন্তু একজন ফাগুর দিকে রিভলবার তাক করে এবং পরে তিনজনই কর্ণেলের ঘরে প্রবেশ করে। রায়সাহেব জে. সি. গুহ, ইন্সপেক্টর জেনারলের পার্সোনাল এ্যাসিষ্ট্যাণ্ট, তাঁর সঙ্গে কথা-বার্তায় ব্যস্ত ছিলেন। তিনি বলেন যে তিনি যখন ঘরের মধ্যে তিনজনকে দেখেন তিনি একপাশে সরে যান এই ভেবে যে তারা সাক্ষাৎপ্রার্থী, যারা সাধারণত ইন্সপেক্টর জেনারলের সঙ্গে কাজের খাতিরে দেখা করতে আসে। হঠাৎ একজন রিভলবার বার করে এবং ডেস্কে চিঠি লেখায় ব্যস্ত কর্ণেল সিম্পসনকে লক্ষ্য করে কয়েকটি গুলি চালান। এই দেখে রায়সাহেব ঘরের বাইরে ছুটে পালিয়ে যান এবং তিনি বলেন যে তাদের একজন তাঁর দিকে রিভলবার তুলে ধরে। এরপর তিনজন আক্রমণকারী বারান্দায় বেরিয়ে আসে যখন মিঃ হডসন তাদের দেখেন প্রত্যেক দরজার দিকে গুলি ছুঁড়তে ছুঁড়তে পূবের দিকে চলে যেতে।

মিঃ টাউসেণ্ড, কৃষি ও শিল্প সচিব, যিনি তাঁর ঘরে ছিলেন, গুলির আওয়াজ শুনতে পান। তিনি বারান্দার দিকে তাকিয়ে দেখেন পশ্চিমদিক থেকে তিনজন তাঁর দিকে রিভলবার হাতে এগিয়ে আসছে। তিনি তাঁর ঘরে ফিরে যান এবং যখন তারা তাঁর চাপড়াসীর ঘরের বিপরীত দিকে আসে তখন তিনি একটি চেয়ার তুলে একজনের দিকে ছোঁড়েন। চেয়ারটি লক্ষ্যভ্রষ্ট হয়—একজন তাঁকে লক্ষ্য করে গুলি চালায় এবং তাঁর পিঠে লাগে। তিনি পড়ে যান কিন্তু তিনি উঠে দেখেন তারা পূবের দিকে চলে গেছে। তিনি পূবের দিকে আরও রিভলবারের গুলির আওয়াজ শোনেন। তিনি ঘর থেকে

বেরিয়ে আসেন এবং মাননীয় মিঃ মার-এর ঘরের দিকে এগিয়ে যান এবং সেখান থেকে দেখেন বিচারবিভাগীয় সচিব মিঃ নেলসনকে ধরে নিয়ে যাচ্ছেন মাননীয় মিঃ প্রেনটিস তাঁর ঘরে। যে বুলেট মিঃ টাউসেগুকে আঘাত করে সেটা সুইং-ডোর ভেদ ক'রে তার ঘরে যায় এবং তাঁর চামড়া ভেদ করতে পারেনি।

মাননীয় মিঃ মার তাঁর ডেস্কে বসে ছিলেন যখন তিনি গুলির আওয়াজ পান এবং ঘরের বাইরে তাকিয়ে দেখেন তিনজন লোক রিভলবার হাতে তাঁর দিকে এগিয়ে আসছে। তিনি তৎক্ষণাৎ নিজের ডেস্কে ফিরে যান এবং এক বা একাধিক বুলেট সুইং-ডোর ভেদ ক'রে সোঁ সোঁ শব্দে তাঁর পাশ দিয়ে চলে যায়। একটা বুলেট সুইং ডোর-এর কাঁচ, স্নানাগার ও ঘরের মাঝের কাঠের দেওয়াল ও ঘরের অপর দিকের পর্দা ভেদ করে।

ঐ তিনজন লোক নিশ্চয়ই বারান্দা বরাবর এলোপাথাড়ি গুলি চালায়, কারণ দেওয়ালে বুলেটের কয়েকটি চিহ্ন রয়েছে। এটা স্পষ্ট যে সবশেষে মিঃ নেলসনকে আক্রমণ করা হয়। তিনি "বন্দেমাতরম্" ধ্বনি এবং রিভলবারের গুলির আওয়াজ শোনেন এবং ঘরের বাইরে তাকিয়ে দেখতে পান একজন লোক হাতে রিভলবার নিয়ে তার ঘরের বিপরীত দিকে দাঁড়িয়ে। তিনি যখন ঘরে ছুটে ফিরে আসেন তখন লোকটি বারান্দা থেকে তাঁকে গুলি করে। বুলেটটি তাঁর উরুতে লাগে। অস্ত্রধারী লোকটি তাঁকে অনুসরণ ক'রে ঘরে ঢোকে এবং একটা কি দু'টো গুলি ছোঁড়ে। নির্ভীকভাবে মিঃ নেলসন লোকটির দিকে ছুটে গিয়ে তাকে জড়িয়ে ধরেন। এই সময় লোকটি চেষ্টা করে তাঁর দিকে রিভলবার তাক করে গুলি করতে। কিন্তু মিঃ নেলসন রিভলবার ধরে ফেলেন এবং রিভলবারের মুখ আক্রমণ-কারীর বুকের দিকে ঘুরিয়ে দেন। তিনি ট্রিগার টেপারও চেষ্টা করেন কিন্তু যথেষ্ট চাপ দিতে পারেননি কারণ তিনি আক্রমণকারীর সঙ্গে ধস্তাধস্তি করছিলেন। তার অবস্থা কাহিল হওয়ায় লোকটি

সাহায্যের জন্য তার সহচরদের চীৎকার করে ডাকে। এরপর অন্য দু'জন অস্ত্রধারী ঘরে প্রবেশ করে এবং তাদের একজন রিভলবারের বাট দিয়ে মিঃ নেলসনের মাথায় আঘাত করে। মিঃ নেলসন পড়ে যান। এরপর তিনজন ছুটে পালায়। মিঃ নেলসন টলতে টলতে ঘরের বাইরে আসেন এবং মাননীয় মিঃ প্রেনটিস তাঁর ঘরে তাঁকে ধরে নিয়ে যান এবং প্রাথমিক চিকিৎসার পর তাঁকে হাসপাতালে পাঠান হয়।

ইতিমধ্যে মিঃ ক্রেগ, ইন্সপেক্টর জেনারল অব পুলিশ, মিঃ জোন্স, এ্যাসিষ্ট্যাণ্ট ইন্সপেক্টর জেনারল অব্ পুলিশ এবং সার্জেণ্ট ফোর্ড এসে গুলি ছুঁড়তে শুরু করায় আততায়ী তিনজন বুঝতে পারে পালাবার কোন আশা নেই এবং মিঃ নেলসনের ঘরে ছুটে ফিরে যায়। দু'জন নিজেরাই নিজেদের গুলি করে এবং অন্যজন বিষপান করে কারণ চেয়ারে যে মৃতদেহ পাওয়া যায় তাতে বাহ্য আঘাতের কোন চিহ্ন ছিল না। কিছু সাদা পাউডার রাসায়নিক পরীক্ষার জন্য পাঠান হয়েছে এবং তার পরীক্ষার ফল এখনও জানা যায়নি। বিনয়ের পকেটে একটি গুলি ভর্তি রিভলবার নিঃশেষিত অবস্থায় পাওয়া যায়। দীনেশের দু'পায়ের মাঝে আর একটি পাওয়া যায় এবং যে বিষপান করে তার সামনের টেবিলে দু'টো পাওয়া যায়। একটা 38 bore-এর যে রিভলবার পাওয়া যায় সেটা হিলজার্স এ্যাণ্ড কোং-র মিঃ পি. এ. জে হ্যাকারডনের হেপাজতে ১৯২৯ সাল অবধি ছিল—এরপর লাইসেন্সের মেয়াদ বাড়ানো হয়নি এবং অস্ত্রটি Arms Act File-এর নজরের বাইরে চলে যায়। এটি এবং অন্য তিনটে মনে হয় চুরি করা হয়, কিন্তু এ বিষয়ে কোন নির্দিষ্ট খবর এখন অবধি সংগ্রহ করা সম্ভব হয়নি।

তিন-রঙা স্বরাজ পতাকাও তিনজন আক্রমণকারীর কাছে পাওয়া যায়।

এটা সব্যস্ত করা গেছে যে বিনয়কৃষ্ণ বোস-ই প্রয়াত মিঃ

লোম্যানের হত্যাকারী। দীনেশ গুপ্ত ময়মনসিংয়ের জামালপুর পোষ্ট অফিসের পোষ্ট মাষ্টারের ছেলে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্র। ঢাকার মুন্সীগঞ্জের সিমুলিয়ার অবনী গুপ্তের ছেলে সুধীর গুপ্ত মুন্সীগঞ্জ বানারী উচ্চ ইংরেজী বিদ্যালয়ের ছাত্র। তার বাবা তাঁর নিজের সিমুলিয়া গ্রামের পাঠশালায় শিক্ষকতা করেন। একজন ম্যাজিষ্ট্রেটের সামনে নেওয়া বিনয় এবং দীনেশের মুমূর্ষুক্তির নকল এর সঙ্গে পাঠান হ'ল।

ব্যবহৃত অস্ত্র ও কার্তুজ সম্বন্ধে অস্ত্র-আইন পরীক্ষক পরীক্ষা করে যে মন্তব্য এখন অবধি পেশ করেছেন তার একটি নকলও সঙ্গে দেওয়া হ'ল।

প্রয়াত কর্ণেল সিম্পসনের দেহের ময়না তদন্তে প্রকাশ পায় যে তিনি গুলি বিদ্ধ হ'য়ে মারা যান এবং তাঁকে ছটি গুলি করা হয় যার তিনটে তাঁর ফুসফুস, একটি ঘাড় এবং একটি করে দু'টো হাত ভেদ করে যায়।

ভিসেরার রাসায়নিক পরীক্ষার বিবরণ না পাওয়ায় পুলিশ সার্জেন সুধীর গুপ্তের মৃত্যুর কারণ সম্পর্কে কোন মতামত এখনও দেন নি। দু'জন আক্রমণকারীকে—বিনয় এবং দীনেশকে মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান হয়েছে এবং ১৩ তারিখ সেখানে বিনয়ের মৃত্যু হয়েছে। দীনেশকে পুলিশ পাহারায় রাখা হয়েছে। বিনয়ের বাবা, রেবতী মোহন বোস, চীফ্ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের কাছে বিনয়ের সঙ্গে সাক্ষাৎকারের জন্য আবেদন জানান এবং চীফ্ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট সম্মতি দেওয়ায় তা মঞ্জুর করা হয়েছে। বিনয় প্রায় সংজ্ঞাহীন ছিল এবং কথা বলতে পারেনি।

দক্ষিণ অঞ্চলের ডেপুটি কমিশনার অব্ পুলিশ মর্গে ও হাসপাতালে সনাক্তকরণের যে ব্যবস্থা করেন তাতে সচিবালয়ের অনেক সাক্ষী তিনজনকে অপরাধী হিসেবে সনাক্ত করে। রায়সাহেব জে. সি. গুহ বিনয়কে সেই ব্যক্তি হিসেবে সনাক্ত করেন যে কর্ণেল সিম্পসনকে প্রথম গুলি করে।

যে অপরাধীরা এখন হাসপাতালে রয়েছে তাদের আঘাত প্রধানত মাথায় এবং মনে হয় নিজেরাই এই আঘাত হানে। অন্যান্য আঘাত স্পষ্টত পুলিশের গুলির ফল।

সুধীর গুপ্ত, বাদল, গত জুনে মুন্সীগঞ্জ টেলিগ্রাফ কেসের তদন্তের সময় উধাও হয়ে যায়। দীনেশ গুপ্ত শ্রীসংঘ ও মুন্সীগঞ্জ দলের সভ্য এবং একই সময় উধাও হয়।

---

* চিঠিটি লেখা হয় ২৬ই ডিসেম্বর ১৯৩০ সালে এবং এটি সই করেন স্যার চার্লস টেগার্টের তরফে মিঃ এফ. বার্টলে।

(Ref. India Office Record, London,—file no. L/P & J/6/2000)

বিনয়কৃষ্ণ বোসের মুমূর্ষু উক্তি* (Dying declaration)—বাংলা অনুবাদ : আমার নাম বিনয়কৃষ্ণ বোস। আমি ঢাকা নিবাসী। আমি গত বুধবার কলকাতায় এসেছি ঢাকা থেকে। আমি কলকাতার এক মেসে তিনদিন ছিলাম। মেসটি পটলডাঙা কোয়ার্টারে। আমি ও ত্রিপুরার সুপতি রায় অন্য বিছানায় শায়িত দীনেশ গুপ্তকে সনাক্ত করি এবং প্রফুল্ল সাও, যে আমার সঙ্গে দেখা করেছিল, এই কলেজে আছে এবং ঐদিন দুপুরে সে রাইটার্স বিল্ডিংয়ের ভেতরে যায়। আমাদের সঙ্গে দুটো রিভলবার ছিল। আমার কাছে একটা ছিল। আমি এর চেয়ে বেশী কিছু বলবো না।

---

* বিনয় কৃষ্ণ বোসের এই এজাহার লিপিবদ্ধ করেন মিঃ এ টি ঘোষ ৮ই ডিসেম্বর ১৯৩০ সালে রাত ১১টা থেকে ১১-১৫ মিঃ এর মধ্যে। তিনি এই এজাহার বিনয় কৃষ্ণ বোসকে পড়ে শোনান এবং ব্যাখ্যা করেন। বিনয় কৃষ্ণ বোস ইংরেজী ভাষায় এজাহার দেন এবং যে কাগজে জবানবন্দি নেওয়া হয় তার ওপর তাঁর বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ নেওয়া হয়।

৮ই ডিসেম্বর ১৯৩০ সালে বেলা ২-৫৮ মিনিটে বিনয় কৃষ্ণ বোসকে মেডিকেল কলেজ হাসপাতালে মেজর মুখার্জীর ওয়ার্ডে বুলেটের আঘাতে গুরুতর আহত অবস্থায় ভর্তি করা হয়। (Ref. 10R file no. L/P & J/6/2000)

দীনেশচন্দ্র গুপ্তের মুমূর্ষু উক্তি—বাংলা অনুবাদঃ আমার নাম দীনেশচন্দ্র গুপ্ত। ময়মনসিংয়ের জামালপুরের পোষ্টমাষ্টার বাবু সতীশচন্দ্র গুপ্তের আমি তৃতীয় পুত্র। আমি ঢাকা কলেজের চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্র। গত জুলাই মাসে পিকেটিং আন্দোলনের সময় আমি পড়াশুনা ছেড়ে দিই। এরপর আমি আসাম, ডিব্রুগড় ইত্যাদি নানা জায়গায় ঘুরে বেড়াই। আমার একজন ভাই (দ্বিতীয় ভাই) ডিব্রুগড়, মুরিয়ানীতে একজন চিকিৎসক। আমি ওখানে কয়েকদিন থাকি এবং এরপর ত্রিপুরায় গেছিলাম। তারপর আমি মেদিনীপুরে আমার সবচেয়ে বড় ভায়ের কাছে যাই। আমার বড় ভায়ের নাম বাবু জ্যোতিশচন্দ্র গুপ্ত। তিনি মেদিনীপুরের একজন উকিল। গতকাল রাত ১১-৩০টার সময় আমি পার্সেল এক্সপ্রেসে মেদিনীপুর ত্যাগ করি এবং আজ ভোর পাঁচটায় কলকাতায় পৌঁছাই। আমি আমার ভাই জ্যোতিশচন্দ্র গুপ্তের ইউরোপীয় পোষাক পরি। আমি কলকাতায় ইণ্টার ক্লাশ কামরায় আসি। আমার সঙ্গে কেউ ছিল না। হাওড়া থেকে বাসে চড়ে আলিপুর চিড়িয়াখানায় গেছিলাম। আমি ২।৩ বার কলকাতা দেখার জন্য এসেছিলাম। আমি কলকাতায় এসেছিলাম কিন্তু হাওড়া এবং শিয়ালদহ ষ্টেশন থেকে চলে যাই। কলকাতা সম্বন্ধে আমার কোন ধারণা নেই। হাওড়া থেকে আমি চিড়িয়াখানায় গেছিলাম। আমি সেখানে কিছুক্ষণ অপেক্ষা করেছিলাম কারণ চিড়িয়াখানার দরজা বন্ধ ছিল। আমি অধৈর্য হয়ে পড়ি এবং চলে যাই। আমি এক জায়গায় বাস বদলাই কিন্তু সেটা কোন জায়গা আমার কোন ধারণা নেই। এরপর আমি এই বড় লাল বাড়ীটি দেখি এবং কৌতূহলবশতঃ বাড়ীটির ভেতরে প্রবেশ করি। সিঁড়ি দিয়ে ওপরের তলায় যাই যেখানে লেখা আছে গেজেটেড অফিসারদের জন্য। আমি দোতলার বারান্দায় যাই। আমি যখন ওখান দিয়ে যাচ্ছিলাম তখন বিরাট আওয়াজ শুনি—আমি ছুটতে শুরু করি যখন আমায় একজন ইউরোপীয়

